শ্রীগৌরাঙ্গতত্ত্বকুসুমাঞ্জলি

শ্রীভাগবতস্বামী কৃত

বঙ্গানুবাদক—**শ্রীসুরেন্দ্রচন্দ্র পঞ্চতীর্থ**, বি, এ (অনার্স)

প্রাক্তন অধ্যক্ষ, সংস্কৃত কলেজ, নবদ্বীপ।

৭২
৩৪৩

শ্রীগৌরাঙ্গতত্ত্বকুসুমাঞ্জলি

(শ্রীগৌরাঙ্গের ভজন সম্বন্ধে দার্শনিক বিচার)

শ্রীভাগবতস্বামী কৃত

বঙ্গানুবাদক—শ্রীসুরেন্দ্রচন্দ্র পঞ্চতীর্থ, বি, এ (অনার্স)
প্রাক্তন অধ্যক্ষ, সংস্কৃত কলেজ, নবদ্বীপ।

মূল্য—দুই টাকা।

প্রাপ্তিস্থান—শ্রীগুরুকুঞ্জ, রামসীতাপাড়া, নবদ্বীপ, নদীয়া।

মুদ্রণে—আদর্শ প্রিন্টিং ওয়ার্কস, নবদ্বীপ, নদীয়া।

শ্রীশ্রীরাধামদনগোপালদেবো বিজয়তে ।

শ্রীশ্রীগুরুচরণকমলেভ্যো নমো নমঃ ।

—প্রকাশকের নিবেদন—

শ্রীগুরুপাদপদ্ম ন্যূনাধিক ৪০ বৎসর পূর্ব্বে শ্রীগৌরাঙ্গের ভজন রহস্য সম্বন্ধে দার্শনিক বিচার সম্বলিত একটি প্রবন্ধ সংস্কৃত ভাষায় লিখিয়া রাখিয়া গিয়াছিলেন। পুরাতন কাগজপত্র দেখিতে দেখিতে উহা পাওয়া যায়। সুধীগণের বিশেষ উপকার হইবে আশায় বঙ্গানুবাদসহ ইহা প্রকাশিত হইল। এই ক্ষুদ্র গ্রন্থের নাম রাখা হইল "শ্রীগৌরাঙ্গতত্ত্বকুসুমাঞ্জলি"।

এই গ্রন্থের প্রধান উদ্যোক্তা শ্রীগৌরগোবিন্দ সেবা ট্রাষ্টের সম্পাদক শ্রীযুক্ত অচ্যুতানন্দ গোস্বামী মহাশয়ের সংগৃহীত অর্থানুকুল্যে মুদ্রিত। বঙ্গানুবাদ ও জটিল স্থানের টীকা করিয়াছেন শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র পঞ্চতীর্থ মহাশয়। আমি উভয়ের চরণে আমার কৃতজ্ঞতা জানাইতেছি।

নিবেদন ইতি—সন ১৩৮৭ সালের ৩১শে ভাদ্র (শ্রীরাধাষ্টমী)।

শ্রীগৌরগোবিন্দ সেবা ট্রাষ্টের পক্ষে—

শ্রীপূর্ণচন্দ্র বিশ্বাস।



ওঁ শ্রীশ্রীগৌরগোবিন্দানন্দ ভাগবতস্বামী বিষ্ণুপাদাঃ

শ্রীশ্রীরাধামদনগোপালদেবো বিজয়তে।

শ্রীগৌরাঙ্গতত্ত্বকুসুমাঞ্জলি

১। রসং হোবায়ং লব্ধ্বানন্দীভবতীতিশ্রুতিসার পরিমলোদ্‌গারিত্বেন পরমামৃতায়মানং নিত্যমপি বিমর্য্যাদপরমাদ্ভুতৌদার্য্যবতঃ স্বভক্তমবতঃ স্বতন্ত্রভগবতঃ শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য কৃপাবিলাসবাসিততয়াবির্ভূতং "উন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়" মিতি শ্রীরূপবাগ্‌লক্ষ্মীলক্ষিত দিশং সর্ব্বসাধকসিদ্ধদুর্ল্লভতমমনবমমপি পুরুষপ্রয়োজনচরমরূপং রাধামাধবয়োরুজ্জ্বল রসাস্বাদন পরমমাধুরীপর্য্যবসানং যদ্রাধাদাস্যং তদেকমেব সাধ্যমস্মাকং শ্রীগৌরপাদাব্জরসোন্মাদিতাত্মনামিতি॥ ★

১। **বঙ্গানুবাদ :**—রসকে প্রাপ্ত হইয়াই জীব আনন্দযুক্ত হয়—এই শ্রুতিসার বাক্যের পরিমল উদ্‌গিরণকারী বলিয়া পরম অমৃততুল্য আস্বাদনযুক্ত নিত্য হইয়াও অতিক্রান্তমর্য্যাদ পরম অদ্ভুত উদার স্বভক্তপালনকারী স্বতন্ত্র ভগবান শ্রীকৃষ্ণচৈতন্যদেবের কৃপাবিলাসে সুবাসিত "উন্নত-উজ্জ্বল রসযুক্ত নিজভক্তিসম্পদ্ দান করিতে" এই শ্রীরূপের বাক্যলক্ষ্মীপ্রদর্শিত পথেই গৌরের আগমন সর্ব্বসাধক ও সিদ্ধগণেরও দুর্ল্লভতম অনিন্দিত বা শ্রেষ্ঠ পুরুষ প্রয়োজনের বা পুরুষার্থের চরমরূপ শ্রীরাধামাধবের উজ্জ্বলরসাস্বাদনের পরম সীমা যে রাধাদাস্য গৌরপাদাব্জরসে উন্মাদিতমনা ভক্তগণের ও আমাদের সেই একটিই সাধ্য।

২। নন্নু শ্রীগৌরপাদাব্জরসেতিবিশেষণেন কিমভিপ্রেতম্? তদ্ভজনাবশ্যকত্বমুত তৎপ্রদর্শিতমার্গেণ কৃষ্ণভজনমাত্রম্? তদ্ভজনাবশ্যকত্বঞ্চেত্তর্হি তৎপাদাব্জদাস্যসাধ্যকত্বেন ন বা? যদি প্রথমং তর্হ্যেকমেব রাধাদাস্যং সাধ্যমিতি ন স্যাৎ সাধ্যদ্বয়াপত্তেঃ, তথাত্বেন তদ্ভজনস্যাবশ্যকতা নেতি চেত্তর্হি তদ্ভজনস্য জলতাড়নবদ্ বৈয়র্থ্যমেব স্যাদতঃ শিষ্টমেব মতং শিষ্টানামিতি পূর্ব্বপক্ষঃ॥ ★

২। **বঙ্গানুবাদ :**—এখানে শঙ্কা এই যে শ্রীগৌরপাদাব্জরস এই বিশেষণটি কি অভিপ্রায়ে দেওয়া হইল? তাঁর ভজনের আবশ্যকতা বুঝাইতে অথবা তাঁহার প্রদর্শিত পথে কৃষ্ণভজন মাত্রেই তাৎপর্য্য। যদি তাঁর ভজনের আবশ্যকতা থাকে তাহা হইলে তাঁহার পাদাব্জদাস্যও সাধ্য হইবে কি না? যদি প্রথম মত অর্থাৎ সাধ্য হয় তাহা হইলে একই রাধাদাস্য সাধ্য ইহা হইতে পারে না সাধ্য দুইটিই হওয়ার আপত্তি হয়। আর যদি সেরূপ তাঁর ভজনের আবশ্যকতা নাই বলেন তাহা হইলে তাঁর ভজনটি জল তাড়নের ন্যায় নিরর্থকই হয় সুতরাং শিষ্টদের বিশিষ্ট মতই হওয়া উচিত এইরূপ পূর্ব্বপক্ষ—

✱ গৌরপাদাব্জরসোন্মাদিতাত্মনাম্—যাহারা রাধাভাবাঢ্য গৌরে অধিক প্রীতিমান তাহারা আশ্রয় ভাবময় প্রীতিমান হওয়ায় তাহাদের আনুগত্যে ভজন চলে কাজেই সেই আশ্রয় প্রধান ভাবময় গৌরকে আশ্রয়ভাবে আশ্রয় করায় স্বতই তাহাতে প্রীত্যাধিক্য প্রশংসনীয় হয় এবং তাহাই প্রেমের রীতি সুতরাং যাহারা গৌরে প্রীতিমান তাহারা গৌর রাধা কৃষ্ণ তিনকেই প্রাপ্ত হওয়ায় তাহাদের প্রেমের মহিমাধিক্য—ইহাই তাৎপর্য্য।

✱ জলতাড়নবৎ জলকে হাতের আঘাত দিয়া বৃথাই হাতে ব্যথা পাইতে হয়, তাহাতে কোন লাভই হয় না তাই এরূপ কাজে শিষ্ট প্রবৃত্ত হইতে পারে না।

৩। (ক) উত্তরপক্ষস্তেবমাহ "তন্ন সঙ্গচ্ছতে" তদ্ভজনস্যাবশ্যকতাদৃষ্টেরন্বয় ব্যতিরেকাভ্যাম্। যথা—"আরে ভাই ভজ মোর গৌরাঙ্গচরণ। না ভজিয়া মৈনু দুঃখে ডুবি বিষ গৃহকূপে, দগ্ধ কৈনু এ পাঁচ পরাণ॥ ....হেন গৌর দয়াময় ছাড়ি সব লাজ ভয়, কায়মনে লহ রে শরণ। গোরা দ্বিজনটরাজে বান্ধহ হৃদয় মাঝে, কি করিবে সংসার শমন॥ ইতি --নিতাইয়ের করুণা হবে ব্রজে রাধাকৃষ্ণ পাবে, ধর নিতাইয়ের চরণ দুখানি। .. ..হেন নিতাই বিনে ভাই, রাধাকৃষ্ণ পাইতে নাই, দৃঢ় করি ধর নিতাইয়ের পায়।" ইতি —শ্রীঠক্কুর নরোত্তমোক্তৌ তথা সর্ব্বত্র শ্রীগোস্বামী গ্রন্থে তদ্ভজনোপদেশস্য দৃষ্টত্বাচ্চেতি॥

৩। (ক) **বঙ্গানুবাদ:**—তদুত্তরে উত্তরপক্ষ কিন্তু এরূপ বলেন "তাহা সঙ্গত হয় না" তাঁর ভজনের আবশ্যকতাটী অন্বয় ও ব্যতিরেক অর্থাৎ ভজনের সুফল ও অভজনের দুঃখফল দ্বারাই দৃষ্ট হয় যথা—"আরে ভাই ভজ মোর গৌরাঙ্গচরণ—না ভজিয়া মৈনু দুঃখে ডুবি বিষ গৃহকূপে, দগ্ধ কৈনু এ পাঁচ পরাণ।" "হেন গৌর ......নিতাইয়ের করুণা হবে" ইত্যাদি। এই সব ঠাকুর নরোত্তমের উক্তিতে, সেরূপ সব গোস্বামী গ্রন্থেও তাঁর ভজনের উপদেশ দেখতে পাওয়া যায়।

৩। (খ) যত্তু গৌরপাদাব্জদাস্যসাধ্যকত্বেন তদ্ভজনস্যাবশ্যকতায়াং সত্যাং সাধ্যদ্বয়াপত্তিরিতি শঙ্কিতং তত্তুচ্ছম্। শ্রীরাধামাধবয়োরেকীভূত বিগ্রহস্য শ্রীগৌরস্য দাস্যবিশেষো রাধাদাস্য পরমাবধিরূপমেব। যথা শ্রীগৌরাঙ্গে তয়োরুজ্জ্বলরসস্য পর্য্যবসানং তথৈব শ্রীগৌরদাস্য বিশেষে রাধাদাস্যস্যেতি। তস্মাত্তয়োর্নাত্যন্তিকভিন্নত্বমতো ন সাধ্যদ্বয়দোষাপত্তিরিতি। বিশেষতস্তু গৌরলীলায়াঃ কৃষ্ণলীলাপরিশিষ্টত্বং বদদ্ভিরপি সুতরাং তথা মন্তব্যম্। পরিশিষ্টত্বঞ্চাত্র ব্রজলীলায়াং বিষয়রূপস্য কৃষ্ণস্যাশ্রয় জাতীয় রসাস্বাদনলুব্ধত্বেন নবদ্বীপ লীলায়াং তৎভাবাঢ্যরূপেণ স্বমাধুর্য্যাদ্যাস্বাদন লীলাপরত্বাদিতি তেষাং মতম্। অথো ন জলতাড়নবদ্ব্যর্থত্বং শ্রীগৌর-ভজনস্যেতি। তদেবং সতি গৌরপাদপদ্মভজনং তদুপদিষ্টরাধাকৃষ্ণভজনঞ্চাস্মাকং হৃদ্যমেব তথৈব শ্রীগোস্বামিপাদাদ্যাচার্য্যাণামাচরণদর্শনাদিতি।

৩। (খ) **বঙ্গানুবাদ:**—কেহ কেহ যে গৌরপাদাব্জদাস্য সাধ্যরূপে তাঁর ভজনের আবশ্যকতা থাকিলে সাধ্যদ্বয় প্রাপ্তি এই শঙ্কা করিয়াছেন তাহা অতি তুচ্ছ। শ্রীরাধামাধবের মিলিত বিগ্রহ শ্রীগৌরের দাস্য বিশেষ শ্রীরাধাদাস্যের পরমাবধিরূপই। যেরূপ তদুভয়ের উজ্জ্বল রসের পর্য্যবসান শ্রীগৌরাঙ্গে, সেইরূপই শ্রীগৌরদাস্যবিশেষে রাধাদাস্যেরও পর্য্যবসান। সেহেতু রাধাদাস্য ও গৌরদাস্যের আত্যন্তিক ভিন্নত্ব নাই। কাজেই সাধ্যদ্বয় দোষের আপত্তি হইতে পারে না। বিশেষ করিয়া গৌরলীলাকে কৃষ্ণলীলার পরিশিষ্ট বলিয়া যাহারা বলেন তাহাদের পক্ষে সেই প্রকারই মনে করিতে হইবে। এখানে পরিশিষ্টত্ব বলিতে ব্রজলীলায় বিষয়রূপ কৃষ্ণের আশ্রয় জাতীয় রসাস্বাদন লুব্ধতা হেতু নবদ্বীপলীলায় (রাধা) আশ্রয় ভাবাঢ্যরূপে স্বীয় মাধুর্য্যাদি আস্বাদনলীলাপরত্বহেতু, ইহাই তাহাদের মত। সেইহেতু জলতাড়নের ন্যায় শ্রীগৌরভজনের ব্যর্থতা নাই। সুতরাং এরূপ হইলে গৌরপাদপদ্মভজন ও তদুপদিষ্ট রাধাকৃষ্ণভজন দুইটিই আমাদের হার্দ্দ। সেইরূপই গোস্বামীপাদগণের আচরণ দেখা যায়।

৪। নন্থ গৌরদাস্যরাধাদাস্যয়োর্নাত্যন্তিকভিন্নত্বং চেত্তর্হি তদেকেনান্যতরস্য সিদ্ধত্বাদেকমেব কিমপি সাধ্যংভবতু তথৈকতরস্য ভজনেনান্যতরস্য সিদ্ধত্বাদেকস্য কস্যাপিভজনং সুষ্ঠেব লাঘবাৎ। কিং দ্বয়োরেব স্বরূপয়োর্ভজনকল্পনয়া গৌরবদোষাপত্তেরিতি পূর্ব্বপক্ষঃ।

৪। **বঙ্গানুবাদ** :—যদি বল গৌরদাস্য রাধাদাস্যের আত্যন্তিক ভেদ নাই তাহা হইলে তার একটি দ্বারাই অন্যতরের সিদ্ধি হইলে তার একটিই সাধ্য হউক। সেরূপ একজনের ভজন দ্বারাই অন্যের সিদ্ধি হইলে একজনেরই ভজন করা বিধি হউক। লাঘবপক্ষে ইহাই সুষ্ঠু হয়। দুই স্বরূপের ভজন কল্পনা করিয়া কি লাভ বৃথা গৌরবদোষের আপত্তিও হয়। এই পূর্ব্বপক্ষ—

৫। উত্তরপক্ষশ্চাত্রাহ—"তন্ন" ফলাধীন গৌরবস্যাদোষত্বাভ্যুপগমাৎ। রসলীলা পরিকরাদের্জাতিতঃ স্বরূপস্যপ্রমাণতশ্চাভিন্নত্বেঽপি গৌরকৃষ্ণয়োরাবির্ভাবভেদেনাভিমানভেদেন ক্রিয়াব্যক্তিভেদেন চ তয়োর্লীলারসাস্বাদনবৈশিষ্ট্যভেদাদ্ ভেদোঽপি স্বীকার্য্যঃ। সর্ব্বত্র শ্রীভগবত্তত্ত্বে বিশেষাঙ্গীকারাৎ অতস্তদ্দ্বয়মেব সাধ্যম্। "নহি নীলঘটো ঘটাদন্য" ইত্যুক্তেসত্যপি যথা নীলঘটপীতঘটয়োর্বৈশিষ্ট্যভেদঃ প্রতীয়তে তদ্বদিহাপীতি॥

৫। **বঙ্গানুবাদ** :—তদুত্তরে উত্তরপক্ষ বলিতেছেন তাহা হয় না। ফলমুখ গৌরব দোষাবহ হয় না। শাস্ত্রে এইরূপই স্বীকার করা হইয়া থাকে। রসলীলাপরিকরাদির জাতিতে স্বরূপের ও প্রমাণে অভিন্ন হইলে গৌর ও কৃষ্ণের আবির্ভাব ভেদহেতু অভিমানভেদ হওয়ায় ক্রিয়া ও ব্যক্তি ভেদ থাকায় উভয়ের লীলারসাস্বাদনের বৈশিষ্ট্য ভেদ থাকায় ভেদও স্বীকার অবশ্যই করিতে হইবে। এইজন্যই শ্রীভগবত্তত্ত্বে সর্ব্বত্রই বিশেষ বলিয়া একটা ভেদ প্রতিনিধি স্বীকার করা হইয়া থাকে। সুতরাং এই দুইই সাধ্য। নীলঘট ঘট হইতে অন্য নয় এই কথা বলিলেও যেমন নীলঘট ও পীতঘটের বিশিষ্ট ভেদ অবশ্যই প্রতীত হয়, সেরূপ এখানেও বুঝিবে।

৬। নন্থ যদি প্রকাশভেদোঽপ্যুপাস্যস্তদ্দাস্যঞ্চ সাধ্যং তর্হি ব্রজরসোপাসকানাং মথুরানাথদ্বারকানাথাবপ্যুপাস্যৌ স্যাতাং তয়োর্দাস্যঞ্চ সাধ্যং ভবতু তয়োর্ব্রজেন্দ্রসুতস্যৈব প্রকাশরূপত্বাদিতি পূর্ব্বপক্ষঃ।

৬। **বঙ্গানুবাদ** :—এখন আশঙ্কা যদি প্রকাশভেদও উপাস্য তার দাস্য ও সাধ্য হয় তবে ব্রজরসউপাসকদের মথুরানাথ দ্বারকানাথও উপাস্য হউক এবং তাদের দাস্যও সাধ্য হউক। তাহারাও ব্রজেন্দ্রসুতেরই ত প্রকাশরূপ এই পূর্ব্বপক্ষ।

৭। উত্তরপক্ষ আহ—নৈষ পূর্ব্বপক্ষঃ সঙ্গচ্ছতে। গোকুলনাথমথুরানাথদ্বারকানাথাদিস্বরূপাণাং কৃষ্ণত্বেন প্রকাশৈক্যেঽপি ব্রজেন্দ্রসুতকৃষ্ণাৎ তয়ো রসলীলাপরিকর স্বরূপাদিগতবৈধর্ম্ম্যাদেব ব্রজরসোপাসকানামুপাস্যত্বস্বাদাস্যং পরমপুরুষার্থসাধ্যত্বেন নেষ্টম্। ইহতু শ্রীগৌরে তাদৃশ বৈধর্ম্ম্যাভাবাৎ প্রত্যুত তত্তজ্জাতিপ্রমাণৌৎকর্ষ্যাদেব তদ্দাস্যং তেষাং

পরমাভীষ্টমেবেতি। "স্বরূপমনুরুধ্যতে হি বস্তুস্থিতিরিতি" ন্যায়স্থিতেঃ। বিষয়বৈধর্ম্ম্যাদ্বিষয়িণ্যা উপাসনায়া অপি বৈধর্ম্ম্যাপত্ত্যা তৎফলগতবৈধর্ম্ম্যং নেষ্টং তত্তৎ শুদ্ধৈকান্তিকরসোপাসকানামিতি। যথা :—গোকুলনাথঃ কৃষ্ণঃ শৃঙ্গাররসে সমর্থারতের্বিষয়স্তৌ তু সাধারণীসমঞ্জসয়োর্বিষয়ৌ ইতি রসবৈজাত্যম্। বিভাবাদি সামগ্রীপরিপোষণেন রতেরেব রসরূপতাস্বীকারাদ্রতি-বৈজাত্যে রসবৈজাত্যমিতি। ব্রজলীলা চৈশ্বর্য্যাদিহৃৎসম্ভ্রমকরীত্বাভাবময়ী কেবলমাধুর্য্যাত্মিকা তে তু ঐশ্বর্য্যাদিমিশ্রে ইতি লীলাবৈজাত্যম্। ব্রজলীলাপরিকরশ্চ কেবলমাধুর্য্যনিষ্ঠস্তত্তৎ পরিকরস্তু মিশ্রপ্রেমনিষ্ঠ ইতি পরিকরবৈজাত্যম্। ব্রজে কৃষ্ণঃ পূর্ণতমস্বরূপস্তৌ তু মথুরায়াং দ্বারকায়াং পূর্ণতরঃ পূর্ণ ইতি প্রমাণবৈধর্ম্ম্যমিতি। কিন্তু অন্তঃকৃষ্ণঃ বহির্গৌরে শ্রীচৈতন্যে সমর্থারতিপরমান্তাবধিমাদনরূপরতাশ্রয়বিষয়য়োঃ সাক্ষান্মহাভাবরসরাজয়োঃ কৃষ্ণরাধয়ো-রেকীভূতস্বরূপে তাদৃশ রসবৈজাত্যাভাবাৎ প্রত্যুত সাজাত্যরসোৎকর্ষপরমাবধিত্বাচ্চ তথা ব্রজলীলানিত্যপরিকরত্বাভিমানগর্ভক গৌরলীলা নিত্যপরিকর-ব্রজলীলা-পরিকরাভিমান সম্ভিন্নাভিমানবিশিষ্টৈঃ স্বপার্ষদাগ্রৈঃ সহ স্বান্তরীকৃত ব্রজলীলাভাবক স্বলীলাবিস্তারকত্বাৎ তাদৃশ লীলাবৈজাত্যাভাবাৎ তথা পরিকরবৈজাত্যাভাবাৎ রাধাভিমানসম্বলিত কৃষ্ণাভিমানক স্বাভিমানবত্ত্বাৎ পূর্ণতমস্বরূপপ্রমাণবৈধর্ম্ম্যাভাবাৎ অপি তু পূর্ণতমস্যোবোৎকর্ষবিশেষাচ্চ ব্রজ-রসোপাসকানাং পরমসাধ্যং তদ্দাস্যমিতি। তত্তু রাধাদাস্যান্নার্থান্তরং জ্ঞেয়ম্।

৭। **বঙ্গানুবাদ :**—উত্তরপক্ষ বলিতেছেন—এ পূর্ব্বপক্ষ যুক্তিযুক্ত হয় না। গোকুলনাথ-মথুরানাথ-দ্বারকানাথাদি স্বরূপের কৃষ্ণত্বহেতু প্রকাশৈক্য থাকিলেও ব্রজেন্দ্রসুত কৃষ্ণ হইতে তদুভয়ের লীলাপরিকর স্বরূপাদিগত বৈধর্ম্ম্যহেতু ব্রজরসোপাসকগণের উপাস্যত্ব বা তার দাস্যকে পরমপুরুষার্থ সাধ্যরূপে বলা ইষ্ট নয়। এখানে কিন্তু শ্রীগৌরে তাদৃশ বৈধর্ম্ম্য না থাকায় বিশেষতঃ সেই সেই (স্বরূপাদির) জাতি ও প্রমাণের উৎকর্ষ হেতুই তাঁহার দাস্যও তাহাদের পরম অভীষ্টই। বস্তুস্থিতি স্বরূপের অনুরোধেই হয়—এই ন্যায়সিদ্ধান্ত হেতুই বিষয়ের বৈধর্ম্ম্য হেতুই বিষয়িনী উপাসনারও বৈধর্ম্ম্যের আপত্তি হেতুই তার ফলগত বৈধর্ম্ম্যটি সেই সেই শুদ্ধ ঐকান্তিকরসের উপাসকগণের ইষ্ট নয়। যেমন গোকুলনাথ কৃষ্ণ শৃঙ্গাররসে সমর্থারতির বিষয়, আর তাহারা দুইজন সাধারণী সমঞ্জসারতির বিষয়। এই গেল রসগত বৈজাত্য বা ভেদ। বিভাবাদি সামগ্রী পরিপোষণ দ্বারা রতিরই মুখ্য রসতা স্বীকার করায় রতির বৈজাত্যে রসের বৈজাত্য অবশ্যই স্বীকার্য্য। ব্রজলীলা কিন্তু ঐশ্বর্য্যাদি হৃৎসম্ভ্রম করীত্বের অভাবময়ী ও কেবল মাধুর্য্যাত্মিকা। তাহারা কিন্তু (বিপরীত) ঐশ্বর্য্যাদি মিশ্র। এই হইল লীলাগত বৈজাত্য বা ভেদ। ব্রজলীলাপরিকরও কেবল মাধুর্য্যনিষ্ঠ আর সেই সব পরিকরগণ (পুরলীলা) মিশ্র প্রেমনিষ্ঠ এই হইল পরিকর বৈজাত্য। ব্রজে কৃষ্ণ পূর্ণতম স্বরূপ কিন্তু মথুরায় ও দ্বারকায় পূর্ণতর পূর্ণ—এই হইল প্রমাণের বৈধর্ম্ম্য। কিন্তু অন্তঃকৃষ্ণ বহির্গৌরস্বরূপ

শ্রীচৈতন্য সমর্থারতিরই পরমান্তাবধি মাদনরূপ রতির আশ্রয় ও বিষয়ের সাক্ষাৎ মহাভাব রসরাজরূপী কৃষ্ণরাধার একত্রীভূতস্বরূপে তাদৃশ রসের বৈজাত্য নাই। বিশেষতঃ সাজাত্যই রসোৎকর্ষের পরমাবধিরূপত্বহেতু বলা যায়। সেরূপ ব্রজলীলা নিত্যপরিকরত্বাভিমান গর্ভক গৌরলীলা নিত্যপরিকর ব্রজলীলা পরিকরাভিমান মিলিতাভিমানবিশিষ্ট স্বীয় শ্রেষ্ঠ পার্ষদগণের সহিত নিজান্তর্গত ব্রজলীলা ভাবময়ী স্বীয় লীলা বিস্তারকারী হওয়ায় তাদৃশ লীলাবৈজাত্যের অভাব হেতু এরূপ পরিকরবৈজাত্যাভাব হেতু রাধাভিমান সম্বলিত কৃষ্ণাভিমানযুক্ত নিজাভিমান হেতু পূর্ণতম স্বরূপ প্রমাণ বৈধর্ম্ম্যাভাবহেতু বিশেষতঃ পূর্ণতমেরই উৎকর্ষ বিশেষহেতু ব্রজরসোপাসকদেরও পরম সাধ্যই তাহার দাস্য। সেজন্য তাহা রাধাদাস্য হইতে পৃথক বস্তুন্তর নয় বুঝিবে।

৮। নমু গৌরলীলাপরিকরাণাং মধ্যে কেচিদ্দ্বারকানাথাদীনামবতারান্তরাণাঞ্চ পরিকরাঃ। যথা—ন কুলব্রহ্মচারীজগদানন্দদামোদরাদয়ো মুরারিগুপ্তাদয়শ্চদৃশ্যন্তে তৎকথং সর্ব্বথা তত্ত্বৈজাত্যাভাবঃ সম্ভবেদিতি পূর্ব্বপক্ষঃ॥

৮। **বঙ্গানুবাদ :**—এখানে পুনরায় আশঙ্কা গৌরলীলা পরিকরের মধ্যে কেহ কেহ দ্বারকানাথাদি অবতারান্তরেরও পরিকর আছেন যেমন নকুল ব্রহ্মচারী, জগদানন্দ, দামোদর প্রভৃতি মুরারিগুপ্তাদি সেরূপ দেখা যায়। তাহা হইলে কিরূপে সর্ব্বপ্রকারে সেইসেই বৈজাত্যাভাব সম্ভব হয় এই পূর্ব্বপক্ষ—

৯। উত্তরপক্ষ আহ—মৈবং। নিরঙ্কুশপ্রেমদানাবতারস্যানির্ব্বাচ্যো মহিমৈষ ইত্যনেনৈব নিরস্তত্বাৎ।

৯। **বঙ্গানুবাদ :**—উত্তরপক্ষ বলিলেন এরূপ বলিতে পার না। যেহেতু নিরঙ্কুশ প্রেমদানাবতার শ্রীগৌরাঙ্গের ইহাই অনির্ব্বাচ্য মহিমা এর দ্বারাই এ আশঙ্কা নিরাশ হইয়া যায়। অর্থাৎ স্বরূপে ঠিক থাকিয়াও এ সব অন্তর্গত করাই তাঁর মহিমা।

১০। নমু গৌরদাস্যং সাধ্যমস্তু কিন্ত্বেকস্য সাধকস্য সিদ্ধদশায়াং যুগপদুভয়লীলাপ্রবেশাসম্ভবাদ্ ব্রজরসোপাসকস্য রাধাদাস্যং গৌরদাস্যঞ্চোভয়বিধং সাধ্যং যুক্তিবিরুদ্ধম্ গোস্বামীশাস্ত্রে তাদৃশপ্রার্থনাদেরশ্রবণাদিতি পূর্ব্বপক্ষঃ।

১০। **বঙ্গানুবাদ :**—এক্ষণে আশঙ্কা এই যে গৌরদাস্য সাধ্য হউক কিন্তু একই সাধকের সিদ্ধদশায় একই সঙ্গে উভয় লীলায় প্রবেশ অসম্ভবহেতু, ব্রজরস উপাসকের রাধাদাস্য ও গৌরদাস্য উভয়বিধ সাধ্য যুক্তিবিরুদ্ধ হয়। গোস্বামী শাস্ত্রে তাদৃশ প্রার্থনার কথা শুনা যায় না বলিয়াও তাহা সম্ভব হয় না এই পূর্ব্বপক্ষ—

১১। উত্তরপক্ষঃ। মৈবং স্বরূপাভিনিস্পন্নমুক্তস্য সাধনসময়াদেব সঙ্কল্পানুরূপভক্তি সংস্কারলব্ধপ্রেম্নো ভগবদনুগ্রহেণৈব বহুবিগ্রহবত্ত্বশ্রুতেঃ যথা "সএকধাভবতি দ্বিধাভবতি ত্রিধাভবতি পঞ্চধাসপ্তধানবধাচৈবেত্যাদৌ। নহি বিবিধ বিগ্রহতামন্তরেণ বহুত্বমনুপরিমাণস্য তস্যাঞ্জসমবকল্প্যেত। নচাণুপরিমাণস্য জীবস্য তাদৃশত্বমসম্ভবীতি বাচ্যম্। "প্রজ্ঞা চ

তস্মাৎ প্রসৃতাপুরাণীতিশ্রুতেরর্থশ্চ তস্মাদীশান্নিমিত্তাৎ জীবস্য পুরাণী প্রজ্ঞা প্রসৃতা ভবতীতি। যথৈকদেশস্থোঽপি দীপঃ স্বপ্রভয়া দেশান্তরাণ্যপি বিশতি, তথৈকদেহস্থোঽণুরপি মুক্তাত্মা চেতনয়া দেহান্তরাণীতি। যথা চ স্বপ্রদেশাদ্ হৃদয়াদন্যত্র শিরঃশ্রবণাদৌ চেতনাত্মাভিমানস্তদ্বদ্দেহান্তরেষ্বপীতি। তত্তৎ সর্ব্বং মুক্তস্য ভগবৎ সেবানুকূলতাৎপর্য্যেকেচ্ছানুসারেণ ভগবদচিন্ত্যশক্ত্যা সম্পাদ্যতে "অচিন্ত্যয়েশশক্ত্যৈব হ্যেকোঽবয়ববর্জ্জিতঃ, আত্মানং বহুধা কৃত্বা ক্রীড়তে যোগসম্পদা" ইতি পাদ্মোক্তেঃ। "জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ। তেষামাদিত্যবজ্ জ্ঞানং প্রকাশয়তি ভারতেতি শ্রীগীতাতঃ। "প্রদীপবদাবেশস্তথাহিদর্শয়তি" ইতি ন্যায়াচ্চ। দশমস্কন্ধে শ্রুতদেব বহুলাশ্বসংবাদে শ্রীকৃষ্ণসঙ্গিনাং শ্রীশুকাদিমুনিবৃন্দানাং তাদৃশত্বদর্শনাচ্চ। তদেবমেকস্মিন্ বিগ্রহে স্থিতস্য মুক্তস্য প্রসৃতয়া প্রজ্ঞয়া বিগ্রহান্তরেঽপ্যাত্মাভিমানান্ন কাপ্যনুপপত্তিরিতি।

১১। **বঙ্গানুবাদ:**—ইহার উত্তরে উত্তরপক্ষ বলেন এরূপ হইতে পারে না স্বরূপপ্রাপ্ত মুক্তের সাধন সময় হইতেই সঙ্কল্পানুরূপ ভক্তি সংস্কারে এবং প্রেমপ্রাপ্ত ভক্তের ভগবদনুগ্রহেই বহুবিগ্রহ ধারণের কথা শুনা যায়। যেমন সে এক প্রকার হয় দুই প্রকার হয় তিন প্রকার হয় পঞ্চ প্রকার সপ্ত প্রকার নবপ্রকার ইত্যাদি। বিবিধ বিগ্রহ ধারণ ব্যতীত বহুপ্রকার হওয়া অণুপরিমাণ জীবের পক্ষে সরলভাবে কল্পনা করা যায় না। আর অণু পরিমাণ জীবের তাদৃশ বহুত্ব অসম্ভব একথাও বলতে পার না। "পুরাণী প্রজ্ঞা তাহা হইতে প্রসৃত হইয়াছে" এই শ্রুতির অর্থেও সেই ঈশ্বর নিমিত্ত হইতেই জীবের পুরাণী প্রজ্ঞা প্রসৃত হয় বলা হইয়াছে। যেরূপ একদেশস্থিত হইয়াও প্রদীপ স্বীয় প্রভায় দেশান্তরেও প্রবেশ করে, সেরূপ একদেহস্থও অণু মুক্তাত্মা চেতনা দ্বারা দেহান্তরকেও ব্যাপ্ত করে। যেমন স্বীয় স্থান হৃদয় হইতে অন্যত্র শিরঃকর্ণাদিতে চেতন আত্মাভিমান হয় সেরূপ দেহান্তরেও হয়। সেই সেই সবই মুক্তের ভগবৎ সেবার অনুকূল তাৎপর্য্যযুক্ত ইচ্ছানুসারেই ভগবদচিন্ত্য শক্তি দ্বারা সম্পন্ন হইয়া থাকে। যথা অচিন্ত্য ঈশ শক্তি দ্বারাই এক অবয়ব বর্জ্জিত (জীব) নিজেকে বহুপ্রকার করিয়া যোগসম্পত্তি দ্বারা ক্রীড়া করিয়া থাকে ইহা পাদ্মবচনে বলা আছে। হে ভারত! জ্ঞানের দ্বারা যাহাদের আত্মার অজ্ঞান বিনাশ হইয়াছে তাহাদের আদিত্যের ন্যায় জ্ঞান প্রকাশ হইয়া থাকে এই শ্রীগীতার প্রমাণ, প্রদীপবৎ আবেশ হয়, এই ন্যায় হইতেও পাওয়া যায়। দশমস্কন্ধে শ্রুতদেব বহুলাশ্ব সংবাদে শ্রীকৃষ্ণসঙ্গী শ্রীশুকাদি মুনিবৃন্দের সেই প্রকার হইতে দেখা গিয়াছে তাহারা যুগপৎ দুই গৃহে আতিথ্য নিলেন দেখা যায়। কৃষ্ণ এবং তাহারা উভয়ান্বিত হইলেন ইহা স্পষ্টই আছে। এইরূপে একই বিগ্রহস্থিত মুক্তের প্রসৃত প্রজ্ঞা দ্বারা বিগ্রহান্তরেরও অভিমান হওয়ায় কোনই অনুপপত্তি হয় না বা কিছুই অসমঞ্জস থাকে না।

১২। যত্তু "গোস্বামীশাস্ত্রে তাদৃশপ্রার্থনাদেরদর্শনমুক্তং তত্তু অনবধানপরং যথা—
"তথাপিহ এই কৃপা কর গৌরহরি। নিত্যানন্দ সঙ্গে যেন তোমা না পাসরি॥

যথা তথা তুমি দুই কর অবতার। তথা তথা দাস্যে মোর হঙ অধিকার ॥ সপার্ষদে তুমি নিত্যানন্দ যথা তথা। লীলা কর মুই যেন ভৃত্য হঙ তথা ॥" ইতি শ্রীচৈতন্যভাগবতে আদ্যদ্য দশমে শ্রীবৃন্দাবনদাস ঠক্কুরস্য প্রার্থনা সুস্পষ্টৈব। কিমধিকং জীবপরমসাধ্যত্বেনোপদিষ্টং গৌরদাস্যং শ্রীঅদ্বৈত প্রভুনাপি যথা শ্রীচৈতন্যচরিতামৃতে "এই মত গায় নাচে করে অট্টহাস। লোকে উপদেশে হও চৈতন্যের দাস।" ইতি চ শ্রীঠক্কুর নরোত্তমোক্তৌচ স্পষ্টা যথা "হা হা প্রভু লোকনাথ রাখ পদদ্বন্দ্বে। কৃপা দৃষ্টে চাহ যদি হইয়া আনন্দে ॥ মনোবাঞ্ছা সিদ্ধ তবে হঙ পূর্ণ তৃষ্ণ। হেথায় চৈতন্য মিলে সেথা রাধাকৃষ্ণ ॥" ইত্যত্র শ্রীঠক্কুর মহাশয়স্য স্বগুরৌ মনোবাঞ্ছাসিদ্ধয়ে প্রার্থনা দৃশ্যতে। সাচ মনোবাঞ্ছা যুগপদ্দ্বয়োব শ্রীচৈতন্যপ্রাপ্তিবিষয়িকা শ্রীরাধাকৃষ্ণ-প্রাপ্তি বিষয়িকাচ। "হঙ পূর্ণতৃষ্ণ" ইত্যনেনোভয়ত্রসমতৃষ্ণা চ সূচিতা। তেন ক্রম-প্রাপ্তিরত্র বিবক্ষা ন বক্তব্যা সমতৃষ্ণাসাফল্যানুপপত্তেঃ। তথাসতি তয়োরেকস্যমুখ্যত্ব মন্যস্যানুসঙ্গিকত্বমিত্যপি ন ব্যাখ্যেয়ম্ ॥

১২। **বঙ্গানুবাদ:**—যাহারা কিন্তু গোস্বামী শাস্ত্রের তাদৃশ প্রার্থনাদির কথা শুনা যায় না বলেন তাহা কিন্তু অনবধানতা বশতই বলেন। কারণ শাস্ত্রে দেখা যায় যথা—"তথাপিও এই কৃপা কর গৌরহরি। নিত্যানন্দ সঙ্গে যেন তোমা না পাসরি ॥ যথা তথা তুমি দুই কর অবতার।" তথা তথা দাস্যে মোর হঙ অধিকার ॥ সপার্ষদে তুমি নিত্যানন্দ যথা তথা লীলা কর মুই যেন ভৃত্য হঙ তথা ॥" এই শ্রীচৈতন্যভাগবতে আদি দশমে শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের প্রার্থনা সুস্পষ্টই আছে। আর বেশী কি জীবের পরম সাধ্যরূপে উপদিষ্ট গৌরদাস্য ইহা শ্রীঅদ্বৈতপ্রভুও বলিয়াছেন। যথা শ্রীচৈতন্যচরিতামৃতে—"এই মত গায় নাচে করে অট্টহাস। লোকে উপদেশে হও চৈতন্যের দাস ॥" এই কথা শ্রীনরোত্তমঠাকুরের উক্তিতেও স্পষ্টই আছে। "হা হা প্রভু লোকনাথ রাখ পদদ্বন্দ্বে। কৃপা দৃষ্টে চাহ যদি হইয়া আনন্দে ॥ মনোবাঞ্ছা সিদ্ধি তবে হঙ পূর্ণতৃষ্ণ। হেথায় চৈতন্য মিলে সেথা রাধাকৃষ্ণ ॥" এখানে ঠাকুরমহাশয়ের নিজ গুরুর নিকট মনোবাঞ্ছা সিদ্ধির জন্য প্রার্থনা দেখা যায়। সেই মনোবাঞ্ছাও যুগপৎ দুইটিই শ্রীচৈতন্য প্রাপ্তি বিষয়ক এবং শ্রীরাধাকৃষ্ণ প্রাপ্তি বিষয়ক। "হঙ পূর্ণতৃষ্ণ" এর দ্বারা উভয়ত্র সমতৃষ্ণাই সূচিত হইল। সেইজন্য ক্রমপ্রাপ্তির এখানে বিবক্ষা বলা যায় না। তাহা হইলে সমতৃষ্ণা সাফল্যের উপপত্তি হয় না তাহা হইলে একটির মুখ্যত্ব অন্যের আনুসঙ্গিকত্ব ইহাও ব্যাখ্যা করিতে পার না।

১৩। নন্বু সাধ্যং সাধনপূর্ব্বকম্। সাধননির্ণয়াভাবে সাধ্যনির্ণয়াভাবঃ "সাধনে ভাবিবে যাহা সিদ্ধ দেহে পাবে তাহা" ইতি শ্রীনরোত্তমোক্তেঃ "সাধ্যবস্তু সাধন বিনা কেহ নাহি পায়" ইতি শ্রীরামানন্দং প্রতি শ্রীমহাপ্রভূক্তেশ্চ। তচ্চ সাধনং ভক্তিমার্গে

সাধকস্য সিদ্ধদেহচিন্তনেনৈব কার্য্যম্। কিন্তু শাস্ত্রে কুত্রাপি সাধকস্য তাদৃশ গৌর পার্ষদরূপেণাত্মচিন্তনোপদেশো ন দৃশ্যতে। অতো গৌরাঙ্গভজনমত্র তন্নামাদিশ্রবণকীর্ত্তন-মাত্রং ন তু রাধাকৃষ্ণার্চ্চনতল্লীলাস্মরণাদিবদ্ গৌরার্চ্চন তল্লীলাদিস্মরণাদিরূপম্। যত্তু শ্রীচৈতন্যভাগবত চরিতামৃতয়োস্তদ্দাস্যং প্রার্থিতমুপদিষ্টঞ্চ তত্তু নিত্যপ্রাপ্যসাধ্যত্বেন নেতি। যচ্চোক্তং "হেথায় চৈতন্য মিলে সেথা রাধাকৃষ্ণ" ইতি তত্তু সঙ্কোচার্থকং তৎ সন্তোষমাত্রেণ ঝটিতি রাধাকৃষ্ণ প্রাপ্তিতাৎপর্য্যকমিতি ন গৌরদাস্যং মুখ্যসাধ্যমিতি পূর্ব্ব পক্ষঃ॥

১৩। **বঙ্গানুবাদ :—**এখানে আশঙ্কা সাধ্যের পূর্ব্বে সাধন থাকিবে সাধন নির্ণয় না হইলে সাধ্য নির্ণয়ের অভাব হইবে। "সাধনে ভাবিবে যাহা সিদ্ধ দেহে পাবে তাহা।" এই শ্রীনরোত্তমঠাকুরের উক্তি আছে। সেই সাধন ভক্তিমার্গে সাধকের সিদ্ধদেহ চিন্তন দ্বারাই করিতে হইবে। কিন্তু শাস্ত্রে কোথাও সাধকের তাদৃশ গৌর পার্ষদরূপে আত্মচিন্তনের উপদেশ দেখা যায় না। সুতরাং গৌরাঙ্গভজন বলিতে এখানে তাঁর নামাদি শ্রবণকীর্ত্তন মাত্রই কিন্তু রাধাকৃষ্ণের অর্চ্চনলীলাস্মরণাদির ন্যায় গৌরার্চ্চন গৌরলীলাস্মরণাদিরূপ হইতে পারে না। আর যে চৈতন্যভাগবত ও চরিতামৃতে তাঁর দাস্য প্রার্থিত ও উপদিষ্ট হইয়াছে তাহা কিন্তু নিত্য প্রাপ্য সাধ্যত্বরূপে নয়, আরও বলা হইয়াছে "হেথায় চৈতন্য মিলে সেথা রাধাকৃষ্ণ" তাহা কিন্তু সঙ্কুচিতার্থক তাহা তাঁহার সন্তোষমাত্রেই শীঘ্র রাধাকৃষ্ণ প্রাপ্তি তাৎপর্য্যেই কাজেই গৌরদাস্য মুখ্য সাধ্য নয় ইহাই পূর্ব্বপক্ষ।

১৪। উত্তরপক্ষশ্চৈবমুত্তরয়তি—নৈষঃ সমীচীনঃ "নাদেবো দেবমর্চ্চয়েদিতি ন্যায়েন তৎসদৃশতা ভাবনামন্তরেণোদ্দেশেনাপি তৎ সেবায়ামনধিকারাদিতি "সন্দর্ভসিদ্ধান্তানু-সারেণ ভগবদর্চ্চনাদি সেবায়াং সাধকেন স্বস্য ভগবৎ সেবানুকূল্য-ভাবময়-পার্ষদ-রূপত্বচিন্তনং কার্য্যমন্যথা তদর্চ্চনাদাবনধিকারাদিতি।" দৃশ্যতে চ শ্রীচৈতন্যচরিতামৃতস্য মধ্যখণ্ডে প্রথমে "চৈতন্য সেব চৈতন্য গাও লও চৈতন্য নাম। চৈতন্যে যে ভক্তি করে সেই মোর প্রাণ॥" ইত্যত্র লোট্ প্রত্যয়েন তৎ সেবায়াং বিধিঃ স্ফুট এবেতি। সেবাতু সাধকদশায়াং শ্রীবিগ্রহার্চ্চনাদিপুরস্কারেনৈব ভবতি। ন চ শ্রীমহাপ্রভোর্নাম-কীর্ত্তনশ্রবণে এব সেবা ন তু তদ্বিগ্রহ পরিচর্য্যাদিরূপেতিবাচ্যম্। সামান্যতঃ সেবাশব্দেন "ভগবদানুকূল্যানুশীলনরূপ ভক্তি সামান্যস্যৈবোপস্থিতত্বাৎ সেবনং ভক্তিরুচ্যতে" ইত্যুক্তেঃ। অতস্তস্যাঃ শ্রবণকীর্ত্তনস্মরণার্চ্চনদণ্ডবন্নতি পরিক্রমণাদিষু যাবদ্ভগবদানুকূল্যানুশীলনাত্মিক ভক্ত্যঙ্গেষু সমবেতত্বাদিতি। বিশেষতঃ সঙ্কেতপ্রাধান্যবিবক্ষয়া তু শ্রীবিগ্রহার্চ্চন রূপস্যৈব প্রতীতেঃ ন তু শ্রবণকীর্ত্তনয়োরন্যতরস্য বেতি। যথা "গৃহেঽস্মিন্ ভগবৎসেবা বর্ত্ততে" ইত্যুক্তে সতি শ্রীবিগ্রহার্চ্চনমেব তৎশব্দেন প্রতীয়তে ন তু শ্রবণাদিকমাত্রমিতি।

সামান্য বিশেষবাচকা হি শব্দাঃ যথাস্থানমেব তং সামর্থ্যং প্রকাশয়ন্তি যথা ব্রাহ্মণা নাবমন্তব্যা" ইতি সর্ব্বেহপি গৃহ্যন্তে যথা চ "ব্রাহ্মণা বরণীয়া" ইতি বরণযোগ্যা এব তথা প্রকৃতেপীতি। যথা চ কুরুশব্দঃ কুরুপাণ্ডবসামান্যকোহপি ধার্ত্তরাষ্ট্রেষু বিশেষস্তদ্বদত্রাপীতি। তদেব-মুভয়থাপি সেবাশব্দস্য শ্রীবিগ্রহার্চ্চনার্থকত্বমপলপয়িতুমশক্যেত সামান্যে বাধকবিরহাৎ বিশেষে চ রূঢ্যা তদর্থপ্রতীতিপ্রবলাচ্চেতি। যত্ত্বত্র "চৈতন্য সেব" শব্দেন চৈতন্যকীর্ত্তনঃ শ্রবণমাত্রস্যা বিহিতমিতি তর্হি "চৈতন্য গাও লও চৈতন্য নাম" ইত্যাদি পুনরুক্তিদোষো দুর্ব্বারণীয়ো গীর্ব্বাণগুরুভিরপীতি। কিঞ্চ যে জন চৈতন্য ভজে (পাঠান্তরং) চৈতন্যে যে ভক্তি করে ইত্যাদৌ ভক্তির্বা ভজ পাঠান্তরে বা "ভজ ইত্যেষ বৈ ধাতুঃ সেবায়াং পরিকীর্ত্তিতঃ" ইতি ন্যায়াৎ সামান্যভক্তিমাত্রার্থপর এব। তথাচ "চৈতন্য সেব" ইতি সামান্যেনোপদেশঃ। ইহ খলু "সেব ভক্তিপদয়োরুদ্দেশ্যপ্রতিনির্দ্দেশ্যভাবঃ দৃশ্যতে উদ্দেশ্যপ্রতিনির্দ্দেশয়োঃ প্রতীতিস্থগিততানিরসনায় বিব্রত্তিরেক এব শব্দ প্রযুজ্যতে তৎ সমবর্ণো বা। অতশ্চাত্র প্রথমমুপক্রমোদ্দিষ্টঃ সেবাশব্দঃ সামান্যবিশেষোভয়পর এব। অন্যথা তদ্ব্যাখ্যানে সতি মহিমকথনে "চৈতন্যে যে ভক্তি করে ইত্যাদৌ ভক্তি ইতি সামান্যং বিরুদ্ধং স্যাদিতি। তদেবং সতি শ্রীচৈতন্য সেবান্যথানুপপত্ত্যা তৎ সেবোপযোগিতয়া তাদৃশ পার্ষদদেহভাবনমপি তদ্ভজনেঽবশ্যকর্ত্তব্যত্বেন স্বতঃ আয়াত্যেব। তদ্ভাবনমন্তরেণার্চ্চন-স্মরণয়ো বিধিরাগভক্তিমুখ্যয়োরসিদ্ধত্বাৎ। তথাহি বিধিমার্গেঽর্চ্চন প্রসঙ্গে শ্রীজীবপাদৈঃ "তত্র ভূতশুদ্ধির্নিজাভিলষিত ভগবৎ সেবৌপয়িক—তৎপার্ষদদেহভাবনাপর্য্যন্তৈব তৎ সেবৈকপুরুষার্থিভিঃ কার্য্যা নিজানুকুল্যাদিতি।" রাগমার্গে চ শ্রীরূপচরণৈঃ "সেবাসাধক-রূপেণ সিদ্ধরূপেণ চাত্রহীতি" একত্র নির্ণীতঃ শাস্ত্রার্থোঽন্যত্রাপি হি বাধকাভাবে সতীতি ন্যায়বলাদ্‌গৌরার্চ্চন তৎস্মরণাদি সেবনে তদুপযোগি তৎপার্ষদত্বকল্পনমাত্মনঃ কার্য্যমিতি শাস্ত্রসিদ্ধমনবদ্যম্॥ যত্তু পূর্ব্বপক্ষিণা "গৌরদাস্যং নিত্যপ্রাপ্যসাধ্যত্বেন নেতি "কোথায় চৈতন্য মিলে" ইত্যত্র সঙ্কোচবিধিনা তৎসন্তোষমাত্রপরত্বঞ্চেত্যুক্তং তদজ্ঞানবিলসিতমেব। অত্র সঙ্কোচবিধি প্রসঙ্গগন্ধস্যাপি প্রভবিতুমশক্যত্বাৎ। প্রতিপ্রসববচনাভাবাৎ, অপি তু তদ্ভজনস্য তন্নিত্যপরিকরাদিসমন্বিত তৎপ্রাপ্তিফলকত্ব-পরিপোষকবচন-সহস্রস্য দৃষ্টত্বাচ্চ যথা শ্রীচৈতন্যভাগবতে মধ্যস্যোনবিংশে "অদ্বৈতগৃহেতে প্রভু যত কৈল কেলি। ইহা যেই শুনে পায় সেইসব মেলি॥ তত্র দ্বাবিংশে "শ্রদ্ধা করি শুনে যেই এ সব চরিত্র। গৌরচন্দ্র প্রভু তারে মিলিবে অবশ্য।" তত্রৈবান্ত্যস্য প্রথমে "যে সুকৃতিজন শুনে এ সব আখ্যান। তাঁহারে মিলয়ে গৌরচন্দ্র ভগবান॥ নীলাচলে প্রভুর ভোজন

মহারঙ্গ। ইহার শ্রবণে হয় চৈতন্যের সঙ্গ॥" ইত্যত্র "সেই সব মেলি" ইত্যনেন তৎ পরিকরাদি সহ তৎপ্রাপ্তিঃ "মিলিবে অবশ্য" ইতি প্রাপ্তেরেব দার্ঢ্যং "যে সুকৃতিজন শুনে" ইতি তৎশ্রবণাদি ভক্তিসাধনস্য তৎসঙ্গফলকত্বঞ্চেতি অধিকারী চ। ন তু তত্র যৎকিঞ্চিৎ তৎসন্তোষণমাত্রং ব্যাখ্যাতুং শক্যং যদি চ ব্যাখ্যাতব্যং তর্হি সপরিকর স্বসঙ্গদানরূপমেব তচ্চ নিত্যমেব "যৈঃ প্রসন্নঃ প্রপন্নায় দাস্যত্যাত্মনমপ্যজ" ইতি একাদশোক্তেঃ "অনাবৃত্তিঃ শব্দাদিতি" ন্যায়াচ্চ। তদেবং ভগবৎসঙ্গিত্বস্য নিত্যসিদ্ধত্বে নিত্যসাধ্যত্বেন তদ্দাস্যং সুস্থিতমিতি।

১৪। **বঙ্গানুবাদ :**—উত্তরপক্ষ এই প্রকারে উত্তর দিতেছেন—ইহা সমীচীন নহে দেবতা না হইয়া দেবতার অর্চ্চনা করিবে না এই ন্যায়েতে তাঁর অনুরূপ ভাবনা ছাড়া উদ্দেশ্যেও তার সেবার অধিকার হয় না, এই সিদ্ধান্ত অনুসারে ভগবদর্চ্চনাদি সেবাতে সাধকের নিজের ভগবৎ সেবা অনুকুল ভাবময় পার্ষদরূপত্ব চিন্তা করাই উচিত। অন্যথা অর্চ্চনাদিতে অনধিকার থাকিয়া যায়। দেখাও যায় চৈতন্যচরিতামৃতের মধ্যখণ্ডে প্রথমে "চৈতন্য সেব চৈতন্য গাও লও চৈতন্যনাম, চৈতন্যে যে ভক্তি করে সেই মোর প্রাণ।" এখানে লোট প্রয়োগ দ্বারা তাহার সেবার বিধি পরিস্ফুটই। সেবা কিন্তু সাধক দশায় শ্রীবিগ্রহার্চ্চনাদি পুরস্কারেই হয়। শ্রীমহাপ্রভুর নামকীর্ত্তন আর শ্রবণমাত্রই তাঁর সেবা তাঁর বিগ্রহের পরিচর্য্যাদি রূপ নহে এরূপ বলিতে পার না। সামান্যত সেবা শব্দে ভগবদানুকূল্যানুশীলনরূপ ভক্তি সামান্যেরই উপস্থিতি হয়। তাই সেবনই ভক্তি বলা হয়, ইহাই শাস্ত্রে উক্ত আছে। সুতরাং তাঁহার শ্রবণ কীর্ত্তন স্মরণার্চ্চন দণ্ডবন্নতি পরিক্রমাদি যাবৎ ভগবদানুকূল্যানুশীলনাত্মিকা ভক্ত্যঙ্গসমূহেই সেবা শব্দ সমবেত আছে বুঝিতে হইবে। বিশেষতঃ সঙ্কেত প্রাধান্য বিবক্ষায় কিন্তু শ্রীবিগ্রহার্চ্চন রূপেরই প্রতীতি হয় কিন্তু শ্রবণকীর্ত্তনের অন্যতরটীর হয় না। যথা—এই গৃহে ভগবৎ সেবা আছে বলিলে শ্রীবিগ্রহার্চ্চনকেই সেবা শব্দে বুঝায়—সেখানে শ্রবণাদি মাত্র বুঝায় না। সামান্য বিশেষ বাচকই শব্দসমূহ তাহারা যথাস্থানে যথাযোগ্য অর্থই প্রকাশ করে থাকে। যেমন "ব্রাহ্মণদিগকে অবজ্ঞা করিবে না" এখানে সকল ব্রাহ্মণকেই বুঝায়। আবার ব্রাহ্মণকে বরণ কর বলিলে বরণযোগ্য ব্রাহ্মণকেই বুঝায় সবকে নয়। সেরূপ এখানেও বুঝিতে হইবে। যেমন আবার কুরুশব্দ কুরুপাণ্ডব উভয়বোধক হইলেও ধৃতরাষ্ট্র পুত্রগণকেই বিশেষভাবে বুঝায়, সেরূপ এখানেও। তাহা হইলে সেবা শব্দ উভয়মতেই সেবাশব্দের শ্রীবিগ্রহার্চ্চনার্থকত্বকে অপলাপ করিতে সমর্থ হইবে না। কারণ সামান্যার্থে বাধক নাই, বিশেষার্থে ও রূঢ়িবলে সেই অর্থপ্রতীতিই প্রবল হইবে। যদি এখানে চৈতন্যসেবা শব্দে চৈতন্যকীর্ত্তন বা শ্রবণ মাত্রই বিহিত এরূপ বল তাহা হইলে চৈতন্য গাও লও চৈতন্য নাম ইত্যাদি বলায় পুনরুক্তি দোষ দুর্ব্বার হইয়া পড়ে ইহা বৃহস্পতিও বারণ করিতে পারেন না। আরও যে জন চৈতন্য ভজে (পাঠান্তর) চৈতন্যে যে ভক্তি করে ইত্যাদিতে ভক্তি বা ভজ পাঠান্তরেও ভজ ধাতুটী সেবা অর্থেই পরিকীর্ত্তিত

হইয়াছে। এই ন্যায়েতে সামান্য ভক্তিমাত্র অর্থপরই। তাহা হইলে চৈতন্য সেব এই সামান্য উপদেশ এখানে কিন্তু সেব আর ভক্তিপদের উদ্দেশ্য প্রতিনির্দ্দেশ্যভাব অর্থাৎ উদ্দেশ্য ও বিধেয় ভাব দেখা যায় এরূপ স্থানে উদ্দেশ্য প্রতিনির্দ্দেশ্যের প্রতীতির স্থগিততা নিরাসের জন্য বিদ্বান্‌গণ একই শব্দ প্রয়োগ করিয়া থাকেন অথবা তৎসমবর্ণক শব্দই প্রয়োগ করেন। অতএব এখানে প্রথম উপক্রমে উদ্দিষ্ট সেবা শব্দ সামান্য বিশেষ উভয়পরই অন্যথা তার ব্যাখ্যা করিলে মহিমা কথনে চৈতন্যে যে ভক্তি করে ইত্যাদিতে ভক্তি শব্দ সামান্য প্রয়োগ বিরুদ্ধ হইবে। তাহা হইলে এরূপ হইলে চৈতন্য সেবার অন্যথা অনুপপত্তি হেতু সেই সেবার উপযোগীরূপে তাদৃশ পার্ষদদেহ ভাবনা ও তার ভজন অবশ্য কর্ত্তব্যরূপে স্বতই আসিয়া পড়িবে। সে ভাবনা ছাড়া অর্চ্চন স্মরণ বিধি ও রাগভক্তির মুখ্যার্থের অসিদ্ধি হয়। তাই বিধিমার্গে অর্চ্চন প্রসঙ্গে শ্রীজীবপাদ সেখানে ভূতশুদ্ধি নিজাভিলষিত ভগবৎসেবার উপযোগিতায় পার্ষদদেহ ভাবনা পর্য্যন্তই তার সেবামাত্র পুরুষার্থকামিগ্ণের করণীয় তাহাই নিজের অনুকূল। রাগমার্গেও শ্রীরূপচরণ সেবা সাধকরূপে ও সিদ্ধরূপেও এখানে ইত্যাদিতে একত্র নির্ণীত শাস্ত্রার্থ অন্যত্র ও বাধক না থাকিলে যায় এই ন্যায় বলে। গৌরার্চ্চন তাঁর স্মরণাদি সেবায় তাঁর উপযোগী পার্ষদদেহ নিজের কল্পনা করা কর্ত্তব্য ইহাই শাস্ত্রসিদ্ধ ও অনবদ্যসিদ্ধান্ত। যেসব পূর্ব্বপক্ষীয়গণ গৌরদাস্য নিত্যপ্রাপ্য সাধ্যরূপে নয় ইহা, হেথায় চৈতন্য মিলে এ কথায় সঙ্কোচবিধি দ্বারা তাঁর সন্তোষমাত্র পরই এরূপ বলেন তাহা অজ্ঞান বিলসিতই। এখানে সঙ্কোচবিধি প্রসঙ্গের গন্ধও দেখাইতে পারিবেন না। প্রতিপ্রসববচনও নাই পরন্তু তাঁর ভজনের তাঁর নিত্যপরিকরাদি সমন্বিত তাহার প্রাপ্তি ফলকত্বের পরিপোষক বচন সহস্রই দেখা যায় বলিয়াও তাহা অজ্ঞান বিলসিত। বচন যথা—শ্রীচৈতন্যভাগবতে মধ্যম খণ্ডে উনবিংশে "অদ্বৈত গৃহেতে প্রভু যত কৈল কেলি, ইহা যেই শুনে পায় সেই সব মেলি" সেখানেই দ্বাবিংশে "শ্রদ্ধা করি শুনে যেই এ সব চরিত্র, গৌরচন্দ্র প্রভু তারে মিলিবে অবশ্য" সেখানেই অন্তখণ্ডে প্রথমে "যে সুকৃতিজন শুনে এ সব আখ্যান, তাহারে মিলয়ে গৌরচন্দ্র ভগবান। নীলাচলে প্রভুর ভোজন মহারঙ্গ, ইহার শ্রবণে হয় চৈতন্যের সঙ্গ।" এখানে সেই সব মেলি এর দ্বারা তাঁর পরিকরাদি সহ তাঁর প্রাপ্তি, মিলিবে অবশ্য ইহা প্রাপ্তিরই দৃঢ়তা বুঝায়। যে সুকৃতিজন শুনে ইহা তার শ্রবণাদি ভক্তি সাধনেরই তাঁর সঙ্গরূপ ফলশালিত্ব এবং অধিকারীও বুঝায়। সেখানে সেখানে যৎকিঞ্চিৎ তাহার সন্তোষমাত্র ব্যাখ্যা করার সামর্থ্য নাই। যদি ব্যাখ্যা করিতে হয় তবে এখানে তাঁর পরিকরগণ সহ স্বীয় সঙ্গদানরূপই ফল আর তাহাও নিত্যই অবশ্য বলিতে হইবে। "যাহাদের সেবায় প্রসন্ন হইয়া প্রপন্নজনকে ভগবান অজ নিজেকেও দান করিয়া থাকেন" এই একাদশ স্কন্ধের উক্তি অনুসারে শব্দ প্রমাণই। "অনাবৃত্তি শব্দাৎ" এই ন্যায় বলেও তাহা হইলে এরূপে ভগবৎসঙ্গিত্বের নিত্যসিদ্ধত্ব হইলেই নিত্যসাধ্যরূপে তার দাস্য সুস্থিরই হয়।

১৫। নন্বু গৌরদাস্যস্য নিত্যপুরুষার্থত্বং ন সঙ্গচ্ছতে। অপ্রকটে গৌরলীলায়া নিত্যত্বাভাবাৎ। অপ্রকটাবস্থায়াং তস্যা নিত্যতাবোধক প্রমাণ বচনাদর্শনাদিতি পূর্ব্বপক্ষঃ।

১৫। **বঙ্গানুবাদ :—**এখন আশঙ্কা গৌরদাস্যের নিত্যপুরুষার্থত্ব সঙ্গত হয় না অপ্রকটে গৌরলীলার নিত্যত্বাভাব হেতু। তাহাও অপ্রকট অবস্থায় তার নিত্যত্ববোধক প্রমাণ বচনের অদর্শন হেতুই বলিতে হয় এই পূর্ব্বপক্ষ।

১৬। উত্তরপক্ষস্ত্বেবমাহ—তদসৎ। ভগবৎস্বরূপানুবন্ধি তল্লীলাধামপরিকরাদীনামনিত্যত্বে সিদ্ধে ভগবতো ভগবত্তায়া এব হান্যাপত্তের্বেদবিরুদ্ধমতাপাতাচ্চ, যদি অপ্রকটগৌর-লীলা নাস্তি তর্হি তৎস্বরূপমপি নাস্তি তদভাবাত্তদ্ধামপরিকরাদিরপি নাস্তীতি। অহো। কিমধিকমতো নাস্তিক্যম্? ভগবৎস্বরূপানতিরেকি-শ্রীবিগ্রহাদেঃ সদাস্থিত্বাভাবাভ্যুপগমে প্রাকৃত জন্মনাশবত্ত্বাপত্ত্যা মায়িসিদ্ধান্তাপত্তেরিতি। তল্লীলানিত্যতাপ্রতিপাদকং বচনং যথা শ্রীচৈতন্যভাগবতস্য মধ্যখণ্ডে প্রথমে "চৈতন্যলীলার আদি অবধি না হয়। আবির্ভাব তিরোভাব এই বেদে কয়।" অত্রাবির্ভাবতিরোভাবশব্দয়োর্নিত্যবস্তুনোঽপরিণামিত্বে-নাভিব্যক্ত্যনভিব্যক্ত্যর্থ-পরত্বমেব নতু জন্মনাশপরত্বমিতি। যথা "আবির্ভাবস্তিরোভাবো-ভবেদত্র যুগে যুগে" ইতি বৃন্দাবনস্য নিত্যতা স্থাপন প্রসঙ্গে শ্রীকৃষ্ণসন্দর্ভধৃত পাদ্মবচনং। তথা "তদেতদক্ষয়ং নিত্যং জগন্মুনিবরাখিলং। আবির্ভাবতিরোভাবৌ জন্মনাশবিকল্পব-দিতি" ভগবৎসন্দর্ভধৃত বিষ্ণুপুরাণ বচনঞ্চ। আবির্ভাবতিরোভাবৌ শ্রীবিষ্ণুতদংশানাং জন্মনাশৌ ত্বন্যেষামিতি তত্র ব্যাখ্যানাৎ। অত্রাপি চৈতন্যলীলায়াং বর্ণয়িষ্যমানায়াং গ্রন্থকৃচ্চরণৈর্বৃন্দাবনীয় নিত্যতাপ্রমাপকাবির্ভাব তিরোভাবশব্দক পাদ্মবচনাংশানুবাদেন বৃন্দাবনলীলায়া ইবাস্যা লীলায়া অপ্যপ্রকটে নিত্যতৈব স্থাপিতা। অতো "বেদে কয়" ইত্যুক্তম্। অনেন চৈতন্যলীলায়াস্তাদৃশত্ব-মমন্যমানা অবৈদিকা এবেত্যপি সূচিতম্। কিঞ্চ "আদি অবধি না হয়" ইত্যনেন চৈতন্যলীলায়া আদ্যান্ত্যাভাবনির্দ্দেশেন পরমনিত্যত্বঞ্চ জ্ঞাপিতং ন চ ব্রহ্মাণ্ডস্তোমং ভ্রমন্ত্যাস্তল্লীলায়া মহাপ্রলয়কাল-পর্য্যন্ত-স্থায়িত্বেন নিত্যত্বাদাবির্ভাব-তিরোভাবৌ শব্দাবত্র চৈতন্যভাগবতে উক্তৌ ততঃ শ্রীকৃষ্ণপ্রকট লীলাবৎ চৈতন্যলীলায়াঃ প্রকটাবস্থায়া এব নিত্যত্বমস্তু কৃতমপ্রকটায়া নিত্যত্বেনেতি বাচ্যম্। মহাপ্রলয়কালাবধি মাত্র নিত্যত্বেসতি কালপরিচ্ছেদ্য-ত্বেন "অবধিরহিতত্বং" ব্যাহতং স্যাৎ। দৃষ্টান্ত বিরোধশ্চ। কৃষ্ণলীলায়াঃ প্রকটাংশমাত্রে উপাত্তে খণ্ডদৃষ্টান্ত দোষাপত্তিশ্চ। ন চ মহাপ্রলয়াবসানে গৌরলীলায়া অপ্রকটগত কৃষ্ণলীলৈক্যমেব নিত্যত্বমিতি বক্তব্যম্। শাস্ত্রে কুত্রাপি তাদৃশসিদ্ধান্তানভিধানাৎ অশ্রুত-

কল্পনাপত্তেঃ বিকল্পাসহনাচ্চ। তথাহি যদি গৌরলীলায়াঃ কৃষ্ণলীলয়া সহৈক্যং মহাপ্রলয়ান্তে, তর্হি গৌরস্বরূপতৎপরিকরতদ্ধামাদীনামপি তথৈব মন্তব্যম্ তত্তদবচ্ছিন্নায়া লীলায়া অভাবে তত্তদভাব এব "সবিশষণে বিধি নিষেধৌ বিশেষণমুপসংক্রামতঃ।" ইতি ন্যায়াৎ। নচেষ্টাপত্তিরিতি সর্ব্বথা বৈষ্ণবসিদ্ধান্ত প্রাতিকূল্যাৎ চিদানন্দবিলাসবৈভবস্য ভগবৎস্বরূপানতিরেকি ধর্ম্মস্য স্বরূপধ্বংসাপত্তেরিতি। কিঞ্চ ঐক্যমত্র কিং নাম সর্ব্বথা ঐক্যমুত-তত্ত্বতঃ। যদি সর্ব্বথৈক্যং তর্হি কিং গৌরস্বরূপধ্বংস পূর্ব্বকমথবা তৎ স্বরূপেণ সহেতি? নাদ্যং অনিষ্টাপত্তেঃ, দ্বিতীয়শ্চেৎ তর্হি তৎশুদ্ধ-নির্ব্বিশেষ-স্বরূপেণ নেতি অবশ্যং বক্তব্যম্ অবশিষ্টং মতং চেৎ তত্তদ্বিশিষ্ট রূপেণেতি স্বীকার্য্যম্। তথাসতি ঐক্যং সর্ব্বথা নস্যাৎ পরস্পরয়ো বৈশিষ্ট্যভেদাৎ। যদি স্বরূপতত্ত্বতঃ ঐক্যমিতি চেদোমিতিমতম্।

কিঞ্চাত্র ভবদভ্যুপগত কৃষ্ণলীলৈক্যং চৈতন্যলীলায়া যদি মতং তর্হি "চৈতন্যলীলার" ইতি চৈতন্যশব্দঃ ব্যর্থএব। চৈতন্যলীলেতি ষষ্ঠীসমাসেন চৈতন্যকর্ত্তৃত্বসম্বন্ধবিশিষ্টায়া লীলায়া এবাত্রাদ্যন্তরহিতত্বং নতু লক্ষিতলক্ষণয়া ভিন্ন কর্ত্তৃকায়া লীলায়াঃ প্রকৃতপ্রস্তাববিরহাৎ। "অন্যেন ভুক্তমন্যেনবান্তমিতি" ন্যায়াবসরাচ্চ। এবমেব তল্লীলাদিশ্রবণকর্ত্তৃণাং তল্লীলাস্মৃতের্মহাপ্রলয়াবসানেঽপ্যবশিষ্যমানত্ব-মাহাত্ম্যপরবচন-জাতৈক্যৈুতিক্যেন সাধিতং তল্লীলায়াঃ পরমনিত্যত্বং শ্রীচেতন্যভাগবতে আদি খণ্ডান্তে যথা "আদিখণ্ড-লীলাবাদান্ যে শৃণ্বন্তি মহাত্মানঃ। সর্ব্বাপরাধনির্ম্মুক্তাস্তে ভবন্তি সুতিনশ্চিতম্। যে পঠন্তি মহাত্মানো বিলিখন্তি চ সাদরং। প্রলয়েঽপিচ তেষাং বৈ তিষ্ঠত্যেষা হরেঃ স্মৃতিরিতি।" অত্র "হরেঃ গৌররূপস্য হরেরিত্যর্থঃ প্রকরণবল্যাৎ। এষা স্মৃতিরিতি শ্রবণকীর্ত্তনাদিসাধনকালীন স্মৃতিরূপানুভব এবেত্যর্থঃ কিঞ্চ তত্রৈব "অদ্যাপিহ সেই লীলা করে গৌর রায়। কোন কোন ভাগ্যবানে দেখিবারে পায়॥" তত্রৈবচ "অদ্যাপিহ চৈতন্য এ সব লীলা করে। যখনে কাহারে করে দৃষ্টি অধিকারে॥ সেই দেখে আর দেখিবারে শক্তি নাই। নিরন্তর ক্রীড়া করে চৈতন্য গোসাই॥" ইত্যাদীনি বহুন্যেববচনানি দৃশ্যন্তে। কালাপরিচ্ছেদ্যত্বমেব ভগবৎক্রীড়ায়া নিরন্তরতা জ্ঞেয়া। যথা তত্রৈব "এ সব লীলার কভু নাহি পরিচ্ছেদ। আবির্ভাব তিরোভাব মাত্র কহে বেদ॥" ইতি

১৬। **বঙ্গানুবাদ :—** তদুত্তরে উত্তরপক্ষ এরূপ বলিতেছেন—তাহা অসৎ, ভগবৎ স্বরূপানুবন্ধি তাঁর লীলাধামপরিকরাদির অনিত্যত্ব হইলে ভগবানের ভগবত্তারই হানির আপত্তি হয় তাহাতে বেদবিরুদ্ধ মতের আপতন ঘটে। যদি অপ্রকট গৌরলীলা না থাকে তাহা হইলে তার (অপ্রকট) স্বরূপও

হয়। হায় হায় এর অধিক আর নাই তার অভাবে তাঁর ধামপরিকরাদিও নাই ইহাও বলিতে হয়। হায় হায় এর অধিক আর নাস্তিকতা কি হইতে পারে? ভগবৎ স্বরূপানতিরিক্ত অভিন্ন শ্রীবিগ্রহাদির সদাতনত্বাভাব স্বীকার করিলে প্রকৃত জন্মনাশ প্রাপ্তি হেতু মায়িক সিদ্ধান্তের আপত্তি হয়। প্রত্যুত তাঁর লীলার নিত্যত্ব প্রতিপাদক বচন যথা চৈতন্যভাগবত মধ্যখণ্ডে প্রথমে "চৈতন্যলীলার আদি অবধি না হয়, আবির্ভাব তিরোভাব এই বেদে কয়।" এখানে আবির্ভাব তিরোভাব শব্দদ্বয় নিত্যবস্তুর অপরিণামত্বহেতু অভিব্যক্তি-অনভিব্যক্তিতা অর্থপরই জন্মনাশপর অর্থক নয়। যথা "আবির্ভাব তিরোভাব এখানেই যুগে যুগে হয়" এই কথা বৃন্দাবনের নিত্যতা স্থাপন প্রসঙ্গে শ্রীকৃষ্ণসন্দর্ভ ধৃত পাদ্মবচনে আছে। সেরূপ "হে মুনিবর যে হেতু ইহা অক্ষয় নিত্য এই অখিল জগৎ আবির্ভাব তিরোভাব জন্মনাশের বিকল্পের ন্যায়" এরূপ ভগবৎসন্দর্ভধৃত বিষ্ণুপুরাণবচনও আছে। আবির্ভাব তিরোভাব শ্রীবিষ্ণু ও তদংশগণের অন্য সকলের জন্মনাশ হয় এই ব্যাখ্যা সেইখানে করা আছে। এখানেও চৈতন্যলীলায় যাহা বর্ণনা করা হইবে তাহাতে গ্রন্থকারচরণ বৃন্দাবনীয় নিত্যতা প্রমাণকারী আবির্ভাব তিরোভাব শব্দযুক্ত পাদ্ম-বচনের অংশানুবাদ করিয়া বৃন্দাবনলীলার ন্যায় এই লীলার ও অপ্রকট নিত্যতাই স্থাপন করিলেন। অতএব বেদে কয় এই কথাই বলিয়াছেন। ইহার দ্বারা চৈতন্যলীলার তাদৃশত্ব যাহারা মানে না তাহারা অবৈদিকই ইহাও সূচনা করিলেন। আরও "আদি অবধি না হয়" এই কথা দ্বারা চৈতন্য লীলার আদি-অন্তাভাব নির্দ্দেশ করিয়া পরম নিত্যতাই জ্ঞাপন করিলেন। ব্রহ্মাণ্ডসমূহে ভ্রমণকারী সেই লীলার মহাপ্রলয় পর্য্যন্ত স্থায়িত্বহেতু নিত্যতা বলিয়াই আবির্ভাব তিরোভাব শব্দ এখানে চৈতন্যভাগবতে বলা হইয়াছে ইহাও বলিতে পার না। সুতরাং শ্রীকৃষ্ণের প্রকট লীলার ন্যায় চৈতন্যলীলার প্রকটরূপেই নিত্যতা হউক অপ্রকট নিত্যতা বলিয়া আর লাভ কি একথাও বলিতে পার না। মহাপ্রলয়কাল অবধি মাত্র নিত্যত্ব হইলে কাল পরিচ্ছেদ্য হইয়া পড়ে তার অবধিরহিতত্ব ব্যাহত হয় দৃষ্টান্ত বিরোধও হয়।

কৃষ্ণলীলার প্রকটাংশ মাত্র গৃহীত হইলে খণ্ড দৃষ্টান্ত দোষাপত্তিও হয় মহাপ্রলয়ের অবসানে গৌরলীলার অপ্রকট গত কৃষ্ণলীলার সঙ্গে ঐক্যই নিত্যতা ইহাও বলিতে পার না। শাস্ত্রে কোথাও তাদৃশ সিদ্ধান্তের কথা বলা হয় না। যদি গৌরলীলার কৃষ্ণলীলার সঙ্গে ঐক্য মহাপ্রলয়ান্তে হয় তাহা হইলে গৌর স্বরূপ তৎপরিকর তাঁর ধামাদিরও সেইরূপ হয় মনে করিতে হইবে। তত্তদবচ্ছিন্ন লীলার অভাবে তাহার তাহার অভাবই হয়। "বিশেষণযুক্ত বিধিনিষেধ বিশেষণকেই প্রাপ্ত হয় যদি বিশেষ্যে সঙ্গতির বাধ হয়।" তাহা হউক ইহাও বলিতে পার না ইহাতে সর্ব্বথা বৈষ্ণবসিদ্ধান্ত বিরোধ হয়। চিদানন্দবিলাস বৈভবরূপ ভগবৎস্বরূপের অনতিরিক্ত (অভিন্ন) ধর্ম্মের স্বরূপধ্বংসাপত্তি হয়। আরও বলি এখানে ঐক্য বলিতে কি সর্ব্বপ্রকারে ঐক্য কিম্বা তত্ত্বতঃ ঐক্য। যদি সর্ব্বথা ঐক্য হয় তাহা হইলে কি গৌরস্বরূপ ধ্বংসপূর্ব্বক অথবা তাহার স্বরূপ সহই হয়। প্রথমটী

(সর্ব্বথা ঐক্য) বলিতে পার না অনিষ্ট প্রাপ্তি হইবে। দ্বিতীয়টী (স্বরূপধ্বংস) যদি বল তাহা তার শুদ্ধ নির্ব্বিশেষ স্বরূপের সহ নয় ইহা অবশ্যই বলিতে হইবে। অবশিষ্টটী স্বরূপসহ সম্মত হইলে তৎতৎ বিশিষ্টরূপেই স্বীকার করিতে হইবে। তাহা হইলে ঐক্যটী সর্ব্বপ্রকারে হয় না। পরস্পরের বৈশিষ্ট্য ভিন্নই থাকে। যদি স্বরূপ তত্ত্বগত ঐক্য বল তবে আমাদেরও তাই মত।

আরও এখানে তোমার স্বীকৃত কৃষ্ণলীলার সঙ্গে চৈতন্যলীলার ঐক্য যদি সম্মতই হয় তবে চৈতন্যলীলার এই চৈতন্য শব্দ ব্যর্থই হয়। চৈতন্যলীলা এই ষষ্ঠী সমাসের দ্বারা চৈতন্য কর্ত্তৃত্ব সম্বন্ধবিশিষ্ট লীলারই এখানে আত্যন্ত নাই বলা হইয়াছে। লক্ষিত লক্ষণা দ্বারা ভিন্ন (কৃষ্ণ) কর্ত্তৃক লীলার এখানে প্রস্তাব নাই বলে "অন্যে খাইল আর অন্যে বমি করিল" এই ন্যায়ের অবসরও আসিয়া পড়ে। এই প্রকারেই তত্তল্লীলাদি শ্রবণ কর্ত্তৃগণের সেই সেই লীলাস্মৃতি মহাপ্রলয় অবসানেও অবশিষ্ট থাকে এমন মাহাত্ম্যপর বচনজাত প্রমাণ বলে কৈমুতিক ন্যায়ে তাঁর লীলার পরম নিত্যত্বই সাধিত হইয়াছে। শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডের শেষে যথা "আদি খণ্ড লীলা কথা যে মহাত্মাগণ শ্রবণ করে তাহারা সুনিশ্চিত সর্ব্বাপরাধ বিমুক্তই হন। যে মহাত্মারা পাঠ করেন সাদরে লিখেন প্রলয়েও তাহাদের হরিস্মৃতি থাকিবে। এখানে হরি গৌররূপই প্রকরণ বলে বলিতে হইবে। এই স্মৃতি বলিতে শ্রবণকীর্ত্তনাদি সাধনকালীন স্মৃতিরূপানুভবই অর্থ। আরও সেখানে "অদ্যাপিও সেই লীলা করে গৌর রায়, কোন কোন ভাগ্যবান দেখিবারে পায়।" সেখানে আরও "অদ্যাপিও চৈতন্য এ সব লীলা করে, যখনে কাহারে করে দৃষ্টি অধিকারে; সেই সেই দেখে আর দেখিবারে শক্তি নাই। নিরন্তর ক্রীড়া করে চৈতন্য গোসাই।" ইত্যাদি বহুবচন দেখা যায়। কালাপরিচ্ছেদ্যত্বই (কালের দ্বারা সীমাবদ্ধ না হওয়াই) ভগবৎ ক্রীড়ার নিরন্তরতা বুঝিবে। যেমন সেখানেই "এ সব লীলার কভু নাহি পরিচ্ছেদ আবির্ভাব তিরোভাব মাত্র কহে বেদ।"

১৭। নন্বপ্রকটকৃষ্ণলীলাপর্য্যবসানিকেয়ং গৌরলীলা তল্লীলায়া পারিশেষ্যাদস্যাঃ। গৌরলীলাপার্ষদানামুদর্কে কৃষ্ণলীলায়াং কৃষ্ণপার্ষদতয়া প্রবেশদর্শনাচ্চ। তথাহি চৈতন্য-চন্দ্রোদয় নাটকান্তভাগে শ্রীঅদ্বৈতং প্রতি শ্রীমহাপ্রভোর্বরদানবাক্যং "বৃন্দারণ্যান্তরস্থঃ সরসবিলসিতেনাত্মনাত্মানমুচ্চৈ, রানন্দস্যন্দ্যবন্দীকৃতমনসমুরীকৃত্য নিত্যপ্রমোদঃ। বৃন্দারণ্যে-কনিষ্ঠান্ স্বরুচিসমতনূন্ কারয়িষ্যামি যুষ্মান্, ইত্যেবাস্তেঽবশিষ্টং কিমপি মম মহৎকর্ম্ম তচ্চাপ্ত নিত্যে" ইতি পূর্ব্বপক্ষঃ॥

১৭। বঙ্গানুবাদ :—এখানে আশঙ্কা অপ্রকট কৃষ্ণলীলা পর্য্যবসানিকাই এই গৌরলীলা, কারণ কৃষ্ণলীলারই পরিশিষ্ট গৌরলীলা। গৌরলীলা পার্ষদগণের পরিণামে কৃষ্ণলীলার পার্ষদরূপে প্রবেশও দেখা যায়। যেমন চৈতন্যচন্দ্রোদয় নাটকের অন্তভাগে শ্রীঅদ্বৈতের প্রতি মহাপ্রভুর বরদান বাক্য—

বৃন্দারণ্যের অন্তরস্থিত সরসবিলাসযুক্ত নিজেতে আনন্দধারায় বন্দীকৃতমন নিজেকে এক করিয়া নিত্যানন্দ স্বরূপ বৃন্দারণ্যৈকনিষ্ঠ তোমাদিগকে স্বরুচিসমতনু করিয়া নিব ইহাই এখন অবশিষ্ট আছে। এই আমার অনির্ব্বাচ্য মহৎ কর্ম্ম তাহাই বিস্তার করিব, ইহাই পূর্ব্বপক্ষ :—

১৮। উত্তরপক্ষএবমুত্তরয়তি—অহো ! নিগৃহীতাস্তাৎপর্য্যানবগাহিনো ভবন্তঃ। যতস্তং পূর্ব্বং শ্রীঅদ্বৈতপ্রার্থনং যথা "অস্মাকন্তু" ধর্ম্মার্থকামেষু পরৈবকুংসালিপ্সা ন মোক্ষস্য চ কর্হিচিন্নঃ। এভিঃ সমস্তৈস্তব দেবলোকৈর্লোকান্তরেঽপ্যস্তু সহৈব বাসঃ" ইতি। অত্র প্রথমং "অস্মাকন্তু" তুকারো ভিন্নোপক্রমার্থাববোধকঃ প্রার্থনাবিষয়স্য স্বাতন্ত্র্যমববোধয়ত্যেব। পদ্যার্থশ্চ যথা "হে দেব ! সর্ব্বপূজ্য ! বা নিত্য বিবিধ স্বক্রীড়ারত ! এভিঃ মৎপ্রত্যক্ষ-জ্ঞাননিরূপিত দর্শনবিষয়ীভূতৈঃ তবলোকৈঃ তৎস্বামিকৈস্ত্বদুপাসনাপরত্বেন তৎকর্ত্তৃক স্বীকৃতৈঃ নিত্যসিদ্ধৈঃ সাধনাদিনাপ্রাপ্তসিদ্ধৈশ্চ সমস্তৈঃ সর্ব্বৈঃ সহ লোকান্তরে লোকলোচনা গোচরেঽপ্রকটলোকেঽস্মাকং বাসোঽস্তু ভবত্বিতি প্রার্থনায়াং লোট্। তত্র হেতুং দর্শয়তি ধর্ম্মেত্যাদিনা। অত্র "অপিনা" যথা ইহ প্রপঞ্চলোকগোচরে তব লোকৈঃ সহাস্মাকং বাসোঽস্তি তথা লোকান্তরেঽপি ভবত্বিতি ভাবশ্চ দ্যোতিতঃ। অন্যথা অপেঃ সমুচ্চয়ার্থকত্ব ব্যাঘাতাপত্তেরিতি লোকান্তর শব্দেন * গৌরস্বরূপতৎলীলাপরিকরাদ্যধিষ্ঠান-লোকাদবা-ন্তরলোকঃ ন ব্যাখ্যেয়ং। তাদৃশ প্রার্থনে তস্য গৌরস্বরূপনিষ্ঠ শুদ্ধপ্রেমহান্যাপত্তেঃ। "তব-লোকৈঃ সহেত্যনেন তস্য তাদৃগর্থত্বস্য নিবারিতত্বাচ্চেতি। তদনন্তরং শ্রীমহাপ্রভুনাপ্যুক্তং যথা "এবমেব" ইতি। পুনরুক্তম্ যথা বৃন্দারণ্যান্তরস্থ ইত্যাদি। অত্র প্রথমতঃ এবমেবেত্যনেন শ্রীঅদ্বৈতস্য লোকান্তরেঽপ্যস্তু সহৈববাস" ইতি পূর্ব্বোক্তং প্রার্থনং সংক্ষেপেনানুমোদ্য পুনর্নিজাভিপ্রেতমন্যদপি দর্শাতেস্ম বৃন্দারণ্যেতি। অত্রায়ন্তাবঃ— হে অদ্বৈত ! যুস্মাকং যথাপ্রার্থনং তদেবমেব ভবতু। কিন্তু মমাপি মহৎ কর্ম্ম কিমপ্যবশিষ্টমাস্তে তচ্চ আতনিষ্যে কিন্তত্তত্রাহ বৃন্দেতি। অনেন বৃন্দারণ্য লীলোপা-সকানাং গৌরপাদরাগিনাং শ্রীগৌরকৃষ্ণোভয়স্বরূপপ্রাপ্তিঃ সূচিতা। সা নিত্যরূপা যৌগপদ্যা চেতি। তথৈব দর্শয়তিস্ম শ্রীঅদ্বৈতঃ পুনঃ প্রার্থনয়া যথা "তথাস্তু" ইতি। যথা চ নিজেচ্ছয়া প্রাপয় যদযদেব স্থলান্তরং নো বপুরন্তরং বা। তবৈতদাশ্চর্য্যচরিত্রমেব জাতিস্মরা এব চিরংস্মরাম ইতি। অয়মভিপ্রায়ঃ—হে ভগবন্ নিজস্য তব ইচ্ছয়া ইতি অস্মাকমিচ্ছাতু ত্বদ্ভক্তৈঃ সহ ত্বদীয় লোকে বসাম ইতি কিন্তু ত্বং স্বস্য ইচ্ছয়া নোঽস্মান্

যদ্ লোকান্তরং বৃন্দারণ্যেত্যাদিনা প্রাক্ ত্বদুক্তং যদ্ বৃন্দাবনলোকং বা চকারার্থে বা যদ্ বপুরন্তরং "স্বরুচিসমতনূনিত্যাদি পূর্ব্বোক্তং বৃন্দাবনপরিকররূপং প্রাপয় তত্তদস্মাকমপীষ্টং ত্বদিচ্ছানুকুল্যেচ্ছিকত্বাৎ। তথাপি তব গৌরস্বরূপস্য এতদাশ্চর্য্যচরিত্রং লীলাবিলাসবৈচিত্র্যং চিরমভিব্যাপ্য স্মরামঃ যতো বয়ং জাতিস্মরাঃ" ইতি গূঢ়াশয়ঃ জাতিস্মরাঃ সন্ত এব স্মরাম ইতি সামীপ্যবর্ত্তমানোঽর্থো ন সঙ্গতোঽহঃ। সামান্যমায়িকদেহাবচ্ছিন্নজীবসাদৃশ্যাপত্তেঃ পূর্ব্বসিদ্ধত্বহান্যাপত্ত্যা সাধকত্বাপত্তের্ব্বা তেষামিতি। নিত্যব্রজপরিকরত্বাত্যসিদ্ধেশ্চ। অনেকজন্মসিদ্ধানাং-গোপীনামিতিবদ্-বোধ্যম্॥ কিঞ্চ প্রকরণতাৎপর্য্যমিদমেব, শ্রীঅদ্বৈতস্য পূর্ব্বোক্ত "লোকান্তরেঽপ্যস্তু সহৈববাস" ইত্যাদৌ লোকান্তরশব্দঃ প্রাপঞ্চিকলোকাগোচর গৌরধামার্থপর এব, যদি কশ্চিদ্ "বৃন্দারণ্যান্তরস্থ" ইত্যাদি শ্রীগৌরচন্দ্রোক্তবাক্যস্য তাৎপর্য্যমনবগাহমানো "লোকান্তর" শব্দস্য বৃন্দারণ্যার্থপরত্বং ব্যাচিকীর্ষুস্তর্হি হ্রেপনীয় এব সঃ পুনরদ্বৈতস্যোক্ত্যা "নিজেচ্ছয়া প্রাপয়ে"ত্যাদিকয়েতি। যদ্যত্র শ্রীঅদ্বৈতপ্রার্থ্যং লোকান্তরং বৃন্দারণ্যমাত্রং স্যাত্তর্হি পরোক্তির্তস্য "নিজেচ্ছয়া" ইতি দুর্ঘটেবস্যাৎ। স্বেচ্ছাবিষয়ত্বস্য গৌরেচ্ছাবিষয়ত্বারোপানৌচিত্যাদিতি। ন চ গৌরচন্দ্রানুভাষণবিরোধাত্তয়ো "লোকান্তর বৃন্দারণ্যয়োঃ" শব্দয়োরেকার্থত্বং মন্তব্যমিতি বাচ্যম্। এবমেবেত্যনেন তদনুভাষণত্বদর্শনান্ন কশ্চিদ্বিরোধঃ। যদি বানুভাষণানুরোধকল্পনয়া তথৈব ব্যাখ্যেয়ং তর্হি "লোকান্তরমিতি" সামান্যপরতয়া "তবেতি" দেহলীপ্রদীপন্যায়েন লোকান্তরপদেনান্বেতি। তস্যৈব তত্রৈ বাকাঙ্ক্ষাদর্শনাৎ। অত্র যুস্মৎপদঘটিত বাক্যত্বেন স্বসংবোধ্যস্য যুস্মৎ পদার্থত্বাৎ স্বসংবোধ্যতাবচ্ছেদকত্ব ধর্ম্মোপলক্ষিতধর্ম্মা বিচ্ছিন্নে যুস্মৎপদশক্তেরবগমাদেব অত্র যুস্মৎপদ-ঘটিতবাক্যং তব লোকান্তরেঽপি এভিঃ তব লোকৈঃ সহাস্মকং বাসোঽস্ত্বিতিরূপং। তজ্জন্য যো বোধস্তস্যাশ্রয়ত্বেন যোচ্চারয়িতুরদ্বৈতস্যেচ্ছা "মদুক্ত বাক্য জন্য বোধাশ্রয়ো গৌরো ভবতু ইতি" রূপা। তাদৃশেচ্ছোদ্দেশ্যো গৌর এব উদ্দেশ্যতাবচ্ছেদকঃ গৌরত্বং তদ্বৃত্তি যদুদ্দেশ্যতাবচ্ছেদকত্বং তদুপলক্ষিতো ধর্ম্মঃ গৌরত্বমেব তদবচ্ছিন্নো গৌর এবেতি সংকেতঃ। যথা ষষ্ঠ্যন্তত্বাৎ গৌরসম্বন্ধবিশিষ্ট লোকান্তর-মিত্যবাধিত-শাব্দ প্রতীতিঃ সুব্যক্তেতি। অতঃ গৌরত্বধর্ম্মাবচ্ছিন্নধর্ম্মিসম্বন্ধভিন্ন সম্বন্ধবিশিষ্টং লোকান্তরমিতি ব্যাখ্যানং হাস্যজনকমেব সুধিয়াং শাব্দিকানামিত্যলমধিক প্রপঞ্চেন।

---

* লোকান্তরে ইত্যত্র যদ্যপি ভিন্নলোক প্রতীতিরপিস্যাৎ তথাপি "তবেতি" স্বান্বয়ার্হবস্তু সম্বন্ধ বৈশিষ্ট্যাৎ প্রপঞ্চ গোচর তল্লোকং গৌরলোকং গ্রাহ্যম্।

* যদ্বা দেবলোকৈরিতি দিব্যতি ইতি দেবঃ স চাসৌ লোকস্তৈরিত্যর্থঃ।

১৯। **বঙ্গানুবাদ:**—উত্তরপক্ষ এরূপে উত্তর করিতেছেন হায়! তাৎপর্য্যানবগাহী তোমরা নিগৃহীত হইলে যেহেতু তাহার পূর্ব্বেই অদ্বৈতের প্রার্থনা যথা—"আমাদের কিন্তু" ধর্ম্মার্থকামেতে অতিশয় কুৎসা আছে আমাদের মোক্ষে কখনও লিপ্সা নাই। "হে দেব, এই সমস্ত তোমার লোকদের সহিত লোকান্তরেও আমাদের বাস হউক।" এখানে প্রথমে "আমাদের কিন্তু" এই "তু"কার ভিন্ন উপক্রমার্থের বোধক প্রার্থনা বিষয়ের স্বাতন্ত্র্যই বুঝায়। এই পদ্যের অর্থ যথা—হে দেব সর্ব্বপূজ্য বা নিত্যবিবিধ ক্রীড়া-রত এদের সহ অর্থাৎ আমার প্রত্যক্ষ জ্ঞানের বিষয়ীভূত তোমার লোকদের অর্থাৎ তুমি যাহাদের স্বামী বা তোমার উপাসনাপর হেতু তোমাকর্ত্তৃক স্বীকৃত লোকদের যাহারা নিত্যসিদ্ধ বা সাধন দ্বারা সিদ্ধিপ্রাপ্ত তাহাদের (সমস্তের বা) সকলের সহ লোকান্তরে লোক লোচনাগোচরে অপ্রকট লোকে আমাদের বাস হউক। এই প্রার্থনায় লোট প্রয়োগ। তার হেতু দেখাইতেছেন ধর্ম্ম ইত্যাদি দ্বারা। এখানে "অপি দ্বারা" যথা—এই প্রপঞ্চ লোকগোচরে তোমার লোকদের সহ আমাদের বাস হইতেছে। সেরূপ লোকান্তরেও হউক এই ভাবই দ্যোতিত হইল। অন্যথা সমুচ্চয়ার্থকত্বের ব্যাঘাত হয় এই লোকান্তর শব্দের দ্বারা গৌরস্বরূপ তাঁর লীলাপরিকরাদির অধিষ্ঠান লোক হইতে ভিন্ন লোক ব্যাখ্যা করা উচিত হইবে না। তাদৃশ প্রার্থনে তাহার গৌর স্বরূপনিষ্ঠ শুদ্ধ প্রেমের হানির আপত্তি হয়। "তোমার লোকের সহিত" ইহা দ্বারা তাদৃশ অর্থত্বের নিবারণ করা হইয়াছে। তারপর শ্রীমহাপ্রভুও বলিলেন যথা "এইরূপই" এই কথা পুনরুক্ত করিলেন বৃন্দারণ্যান্তরস্থ ইত্যাদি। এখানে প্রথমত "এইরূপই" ইহার দ্বারা শ্রীঅদ্বৈতের "লোকান্তরেও একত্রেই বাস হউক" এই পূর্ব্বোক্ত প্রার্থনা সংক্ষেপে অনুমোদন করিয়া পুনরায় নিজের অভিপ্রেত অন্যও দেখাইতেছেন বৃন্দারণ্যেত্যাদি। এখানে এই ভাব—হে অদ্বৈত তোমাদের যেরূপ প্রার্থনা তাহা এইরূপই হউক কিন্তু আমারও মহৎ কর্ম্ম কিছু অবশিষ্ট আছে তাহা বিস্তার করিব। কি তাহা সে বিষয়ে বলিতেছেন বৃন্দেতি। ইহা দ্বারা বৃন্দাবনলীলা উপাসকদের মধ্যে যাহারা গৌরপাদানুরাগী তাহাদের গৌরকৃষ্ণ উভয় স্বরূপ প্রাপ্তি সূচিত হইল। তাহা নিত্যরূপা এবং যুগপদই। অদ্বৈত পুনঃ প্রার্থনায় সেইরূপ দেখাইয়াছেন যথা তাহাই হউক এই বলিয়া। আর যেমন নিজের ইচ্ছায় আমাদিগকে যে যে স্থলান্তর বা দেহান্তর প্রাপ্ত করাও তোমার ইহা আশ্চর্য্যচরিত্রই আমরা জাতিস্মরই চিরকাল স্মরণ করিব এই বলে। এই অভিপ্রায় হে ভগবান তোমার নিজের ইচ্ছায় এই হউক আমাদের ইচ্ছা কিন্তু তোমার ভক্তের সহ তোমার লোকেই বাস করিব ইহাই। তুমি নিজের ইচ্ছায় আমাদিগকে যে লোকান্তর বৃন্দারণ্য ইত্যাদি দ্বারা পূর্ব্বের তোমার উক্ত যে বৃন্দাবন লোক বা চকারার্থে বা যে দেহান্তর নিজরুচি সমতনু ইত্যাদি পূর্ব্বোক্ত বৃন্দাবন পরিকররূপ প্রাপ্ত করাও তাহা তাহা আমাদেরও ইষ্টই তোমার ইচ্ছার অনুকূল ইচ্ছাই আমাদের আছে। তথাপি তোমার গৌরস্বরূপের এই আশ্চর্য্য চরিত্রলীলা বিলাস বৈচিত্র্য চিরকাল ধরিয়া স্মরণ করিব। যেহেতু আমরা জাতিস্মর ইহাই গূঢ় আশয়। জাতিস্মর

হইয়াই স্মরণ করিব এই সামীপ্যও বর্ত্তমান অর্থ সঙ্গতি যোগ্য নয়। সামান্য মায়িক দেহাবচ্ছিন্ন জীবের সাদৃশ্যের আপত্তি হয়। পূর্ব্বসিদ্ধত্ব হানির আপত্তিও তাহাদের হয়। নিত্যব্রজপরিকরত্বাদির অসিদ্ধি হয়। অনেক জন্মসিদ্ধ গোপীদের ন্যায় বুঝিতে হইবে। আরও প্রকরণের তাৎপর্য্য ইহাই শ্রীঅদ্বৈতের পূর্ব্বোক্ত লোকান্তরেও সহই বাস হউক ইত্যাদিতে লোকান্তর শব্দ প্রাপক্ষিক লোকাগোচর গৌরধাম পরই যদি কেহ বৃন্দারণ্যান্তরস্থ ইত্যাদি শ্রীগৌরচন্দ্রোক্ত বাক্যের তাৎপর্য্য অবগাহন করিতে না পারিয়া লোকান্তর শব্দের বৃন্দাবন অর্থপরত্ব ব্যাখ্যা করিতে চায় তাহা হইলে সে পুনরায় অদ্বৈতের নিজের ইচ্ছায় প্রাপ্ত করাও ইত্যাদি বাক্যের দ্বারা নিগৃহীতই হইবে। যদি এখানে অদ্বৈত প্রার্থনায় লোকান্তর বৃন্দারণ্য মাত্রই হয় তাহা হইলে তাহার পরবর্ত্তী উক্তিতে নিজেচ্ছয়া কথার সঙ্গতি রক্ষা দুর্ঘটই হয়। কারণ নিজের ইচ্ছা-বিষয়তাতে গৌরের ইচ্ছা বিষয়তার আরোপ অনুচিত হয়। গৌরচন্দ্রের অনুভাষণ বিরোধ হেতু লোকান্তর ও বৃন্দারণ্য দুই শব্দের একার্থকত্ব মনে করিবে ইহা বলিতে পার না। এইরূপই এর দ্বারা তার অনুভাষণত্ব দর্শনহেতু কোন বিরোধ হইত না। যদি বা অনুভাষণানুরোধে সেই প্রকারই ব্যাখ্যা করা যায়, তাহা হইলে লোকান্তর কথাটি সামান্য পর আর "তোমার" এই কথাটি দেহলী প্রদীপ ন্যায়ে লোকান্তর পদের সঙ্গেও অন্বিত হইবে। তাহার তাহাতেই আকাঙ্ক্ষা দেখা যায়। এখানে যুষ্মৎপদঘটিতবাক্য হেতু স্বসংবোধ্যই যুষ্মদ্ পদের অর্থ বলিয়া স্বসংবোধ্যতাবচ্ছেদকত্ব ধর্ম্মোপলক্ষিত ধর্ম্মাবচ্ছিন্নে যুষ্মৎ পদের শক্তি স্বীকার করা হয়। এখানে যুষ্মৎ পদঘটিতবাক্যে তব লোকান্তরে এই তোমার লোকের সহই আমাদের বাস হউক এইরূপ অর্থ হয়। ইহার জন্য যে বোধ তার আশ্রয়রূপে যে উচ্চারয়িতা অদ্বৈতের ইচ্ছা আমার উক্ত বাক্য জন্যবোধের আশ্রয় গৌর হউন এইরূপ। তাদৃশ ইচ্ছার উদ্দেশ্য গৌরই উদ্দেশ্যতাবচ্ছেদক গৌরত্ব তাহাতে বৃত্তি সে উদ্দেশ্যতাবচ্ছেদকতা তদুপলক্ষিত ধর্ম্ম গৌরত্বই তদবচ্ছিন্ন গৌরই ইহাই সঙ্কেত। সেরূপ ষষ্ঠ্যান্তহেতু গৌরসম্বন্ধবিশিষ্ট লোকান্তর ইহাই অবাধিত শব্দজ্ঞান সুস্পষ্ট। অতএব গৌরত্ব ধর্ম্মাবচ্ছিন্ন ধর্ম্মের সম্বন্ধ ভিন্ন সম্বন্ধবিশিষ্ট লোকান্তর এরূপ ব্যাখ্যা শাব্দিক সুধীগণের হাস্যজনকই আর বেশী বিস্তারের প্রয়োজন নাই।

২০। ননু গৌরস্য স্বরূপং কৃষ্ণ এব তস্মিন্ প্রেমনিষ্ঠা ন গৌরনিষ্ঠপ্রেমহানিকরী। অতঃ কথং কৃষ্ণলীলা লোকপ্রাপ্তিপ্রার্থনয়া তস্য গৌবনিষ্ঠ প্রেমহানিসম্ভবাশঙ্কা ইতি পূর্ব্বপক্ষঃ।

২০। **বঙ্গানুবাদ:—**এখানে আশঙ্কা গৌরের স্বরূপ ও কৃষ্ণই তাহাতে প্রেমনিষ্ঠা গৌরনিষ্ঠ প্রেমের হানিকর হয় না। অতএব কেন কৃষ্ণলীলা প্রাপ্তি প্রার্থনায় তার গৌরনিষ্ঠ প্রেমহানির সম্ভবের আশঙ্কা করিতেছ ইহাই পূর্ব্বপক্ষ।

২১। উত্তরপক্ষ এবম্বদতি! শ্রীগৌরনিত্যপরিকরাণাং নিত্যমেব তল্লীলাস্থত্বেঽপি স্বরূপ প্রকাশ ভেদেন কুত্রচিদংশাদিরূপেণ কুত্রচিদ্ভগবল্লোকান্তরে স্থিতির্ভবত্যেব। ন তত্র

বিপ্রতিপদ্যামহে। কিন্তু শ্রীগৌরস্বরূপানুবন্ধি তল্লীলানুকূল্যভাবাদিকং পরিত্যজ্য ভাবান্তরাদি প্রার্থনং তেষাং কদাপি ন সম্ভবার্হং। নিত্যপরিকরত্বাসিদ্ধেঃ তং শুদ্ধভক্তিসাধকানামপি তথা ন সম্ভবতি স্বয়ং ভগবত্তাময়ীলীলায়া অপকর্ষানৌচিত্যাৎ। তথাপি যত্তু নিত্যপ্রাপ্তমেব তাদৃশানাং পুনঃ প্রার্থনং দৃশ্যতে ক্বচিং তত্তু গোপানাং স্বলোকদর্শনেচ্ছাবং লোকবল্লীলা কৈবল্যেনেতি মন্তব্যম্ কিঞ্চ শ্রীকৃষ্ণস্বরূপে প্রেমনিষ্ঠাহি গৌর তন্নিষ্ঠপ্রেমসঙ্কোচিকা, ন ভবতি, কিন্তু নিত্যতন্নিষ্ঠ শুদ্ধপ্রেমবতাং যদি তৎস্বরূপাদ্যনপেক্ষকপ্রেমনিষ্ঠা দৃশ্যতে ক্বচিদন্যত্র তর্হ্যাবশ্যক্যেব মন্তব্যা সেতি। অত্র গৌরস্বরূপধামাদি জিহাসুঃ কৃষ্ণলোকবৃন্দারণ্যমেব প্রার্থিতুকাম এব অদ্বৈতস্তর্হি তস্য গৌরনিষ্ঠ শুদ্ধপ্রেমহানিরেব স্যাৎ! অননুমতঞ্চ তাদৃশ প্রার্থনং তস্য দৃশ্যতে তত্রৈব শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকে দ্বিতীয়াঙ্কে যথা "শ্রীগৌরচন্দ্রঃ সাবহিত্থমাহ মম স্বরূপমিদমেব যদিদমদ্বৈত প্রেমপাত্রম্।" শ্রীঅদ্বৈতঃ স্বগতমাহ "কিমত্রব্রূমহে মহেচ্ছং প্রতি যদি তবৈতদেব স্বরূপং তদা দর্শনীয় শ্যামসুন্দর বিগ্রহাভিলাষো বিশ্রান্তঃ যদি স এব স্বরূপমিত্যুচ্যতে তদাস্মিন্ প্রেমহানিরিত্যাদৌ" স্পষ্টমেব। অহো যদ্যত্র স্বয়মেব প্রেমহানিং মন্যমানোঽসৌ তর্হিকথং পুনঃ লোকান্তরস্য প্রার্থনে স্বস্য প্রেমহানিং ন মন্যেত ইতি॥

২১। **বঙ্গানুবাদ**:—উত্তরপক্ষ এরূপ বলেন—শ্রীগৌরের নিত্যপরিকরগণের নিত্যই তার লীলাস্থিতি হইলেও স্বরূপ প্রকাশভেদে কোথাও ভগবল্লোকান্তরে স্থিতি হইতে পারেই। এ বিষয়ে আমরা কোন বিবাদ করি না। কিন্তু গৌরস্বরূপানুবন্ধি তাঁর লীলানুকূল্য ভাবাদি পরিত্যাগ করিয়া ভাবান্তরাদি প্রার্থনা তাহাদের কখনও সম্ভব হইতে পারে না তাহা হইলে নিত্যপরিকরত্বের অসিদ্ধি হয়। তাঁর শুদ্ধাভক্তির সাধকদেরও তাহা সম্ভব হয় না। স্বয়ং ভগবত্তামযী লীলার অপকর্ষ অনুচিত হয় বলিয়া। তথাপি যাহা নিত্যপ্রাপ্তই তাদৃশজনের তাহা পুনঃ প্রার্থনা কোথাও কোথাও দেখা যায় তাহা গোপদের স্বলোক দর্শনের ইচ্ছার ন্যায় লোকবৎ লীলাকৈবল্য ন্যায়েতেই মনে করিবে। মানুষের ন্যায় লীলা করেন। আরও শ্রীকৃষ্ণস্বরূপে প্রেমনিষ্ঠাই গৌর ও গৌরনিষ্ঠ প্রেমের সঙ্কোচিকা হয় না কিন্তু নিত্যতন্নিষ্ঠ শুদ্ধ প্রেমবানদের যদি তাঁর স্বরূপাদির অনপেক্ষক প্রেমনিষ্ঠা কখনও অন্যত্র দেখা যায় তাহা হইলে তাহা অবশ্যই মনে করিতে হইবে। এখানে গৌর স্বরূপ ধামাদি ত্যাগ ইচ্ছা করিয়া কৃষ্ণলোক বৃন্দারণ্যই যদি অদ্বৈতপ্রার্থিত হয় তাহা হইলে তাহার গৌরনিষ্ঠ প্রেমহানিই হইবে। তাহার সেরূপ প্রার্থনা অনুমত নয় তাহা চন্দ্রোদয় নাটকেই দ্বিতীয়াঙ্কে দেখা যায়—যথা শ্রীগৌরচন্দ্র অবহিত্থার সহিত বলিলেন "আমার স্বরূপ ইহাই যে ইহা অদ্বৈতের প্রেমপাত্র।" শ্রীঅদ্বৈত স্বগত বলিলেন—এ "বিষয়ে কি আর বলিব মহাইচ্ছাময় তোমাকে, যদি ইহাই তোমার স্বরূপ হয়

তাহা হইলে দর্শনীয় শ্যামসুন্দর বিগ্রহের অভিলাষও বিশ্রান্ত হইল অর্থাৎ চাই না যদি সেইরূপই তোমার স্বরূপ বল তাহা হইলে এ স্বরূপে প্রেমহানি” ইত্যাদিতে স্পষ্টই দেখা যায়। হায় যদি এখানে নিজেই প্রেমহানি মনে করিয়া থাকেন তিনি আবার পুনঃ লোকান্তর প্রার্থনা করিতে নিজের প্রেমহানি কেন মনে করিবেন না ?

২২। ননু গৌরলীলা অপ্রকটেঽপি নিত্যেতি ন সঙ্গত্যর্হঃ সিদ্ধান্তঃ। অপ্রকটে নিত্য-তদ্ধামবিরহাৎ। প্রপঞ্চাতীতে বৈকুণ্ঠাদিবত্তদ্ধামাস্তিত্বাশ্রবণাৎ। শ্রীবৃহদ্ভাগবতামৃতে গোপ-কুমারেণ দৃষ্টত্বেনানভিধানাচ্চেতি পূর্ব্বপক্ষঃ।

২২। **বঙ্গানুবাদ**ঃ—এখানে আশঙ্কা গৌরলীলা অপ্রকটে নিত্য ইহা সঙ্গতিযোগ্য সিদ্ধান্ত নয় কারণ অপ্রকটে তাঁর নিত্যধাম নাই। প্রপঞ্চাতীতে বৈকুণ্ঠাদির ন্যায় তাঁর ধামের অস্তিত্ব শুনা যায় না শ্রীবৃহদ্ভাগবতামৃতে গোপকুমার দেখেছেন বলেও উল্লেখ করেন নাই এই পূর্ব্বপক্ষ।

২৩। উত্তরপক্ষ আহ—যস্ত্বত্র নিত্যলীলাবিঘটকত্বেনোপন্যস্তো হেতুর্নিত্যধামাভাবস্বরূপঃ স তাবচ্ছাস্ত্রানবকলনফলমহিমানমেব প্রকটয়ত্যেব পূর্ব্বপক্ষিণ ইতি। শাস্ত্রং যথা শ্রীচৈতন্য-ভাগবতস্য মধ্যখণ্ডে দশমে “পক্ষি মাত্র যদি বলে চৈতন্যের নাম। সেই সত্য যাইবেক চৈতন্যের ধাম॥ ইত্যত্র চৈতন্যনাম গৃহ্ণতশ্চৈতন্যধামপ্রাপ্তিঃ ফলং শ্রূয়তে। নামগ্রহণ-মুপলক্ষণং শ্রবণকীর্ত্তনস্মরণার্চ্চনাদীনি ভক্তিসামান্যানেবোপলক্ষয়তি। অতশ্চৈতন্যনামাদি শ্রবণকীর্ত্তন তদর্চ্চনাদি শুদ্ধভক্তিসাধনবতাং “যথাক্রতুরস্মিল্লোঁকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতীতিশ্রুতেঃ” যদ্ যথা যথোপাসতে তদেব ভবন্তীতিশ্রুতেশ্চ “যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি ভগবদুক্তেঃ” “সাধনে ভাবিবে যাহা সিদ্ধদেহে পাবে তাহা” ইত্যভি-যুক্তোক্তেশ্চ শুদ্ধভক্তানাং তদ্ধামগতিরেব সমুচিতা নান্যা, গতিরিতি। তদেবং তদ্গত্যন্য-থানুপপত্তিরেব তদ্ধাম্নঃ পরমনিত্যত্বমনুগময়তি। ন চ শ্রীকৃষ্ণধামমাত্রপ্রাপ্তিরেব তেষাং গতির্বাচ্যা। শ্রুত্যোক্তস্য “যথা তথা যাহা তাহা” ইত্যাদের্ব্যভিচারাৎ সাধনসাধ্যয়োঃ স্বরূপ ভঙ্গাপত্তেশ্চ। কিঞ্চ শ্বেণো ধাবতীতিবদত্র ধাম তৎস্থলীলাপরিকরাদি সহ চৈতন্য-স্বরূপস্য প্রাপ্তির্বোধ্যা। শ্রীচৈতন্যভাগবতোক্তপ্রমাণানি প্রাগ্দর্শিতান্যেবেতি। এবং সতি শ্রীচৈতন্যনামকীর্ত্তনাত্মিকা ভক্তিফলত্বাভিধানাৎ চৈতন্যধাম্নঃ পরমনিত্যত্বং স্বত এবায়াতমিত্যনেন ব্রহ্মাণ্ডসমূহ গতত্বেন মহাপ্রলয়কাল পর্য্যন্তাবস্থায়িত্বরূপং ভাক্ত নিত্যত্বং বক্তুংশক্যম্। ক্ষয়িষ্ণুত্বেন বদন্নিরস্তঃ। ন চ চৈতন্যধাম প্রপঞ্চকালস্থায়িসত্তাকং যাগাদি জড়বৃত্তি-সাধ্যস্বর্গাদি সাম্যাপত্তেঃ। কীর্ত্তনাদিশুদ্ধভক্তি সাধনফলানর্হত্বাৎ।

"যাবদধিকারমবস্থিতিরাধিকানামিতি" ন্যায়েন ব্রহ্মাদ্যাধিকারিকপদতুল্যতাপত্তেঃ। নির্ব্বিশেষ ব্রহ্মজ্ঞান সাধ্যব্রহ্মসাযুজ্যাদপি লঘুতাপত্তেঃ। কুত্রাপি তত্তৎশাস্ত্রে কেনাপ্যশ্রুতত্বাচ্চেতি।

কিঞ্চ "চৈতন্যের ধাম" ইতি ষষ্ঠ্যা সম্বন্ধো নির্দ্দেশঃ স চাত্রাধারাধেয়ভাবঃ। তস্য চ বিশিষ্টবুদ্ধের্হেতুত্বাৎ উভয়নিষ্ঠতাচ্চ চৈতন্যনিষ্ঠাধেয়তাসম্বন্ধবিশিষ্টধাম ইত্যর্থলাভাৎ লোকান্তরাদিকল্পন মপাস্তমিতি। অপি চ "কস্মিন্ স ভগবঃ প্রতিষ্ঠিতঃ স্বে মহিম্নীতি" "ন যত্র মায়া" ইতি চ শ্রুত্যাদেঃ সূর্য্যে তমস ইব শ্রীভগবত্তত্ত্বে মায়িক সম্বন্ধস্যাত্যন্তাভাবাৎ "নেহ নানাস্তি কিঞ্চ নেতি" ভেদাভাবাচ্চাধারাধেয় ভাবস্তত্র স্বরূপশক্তি বিলাসরূপবিশেষধর্ম্মবলাদেব ভবতি। স চ ভেদাভাবে ভেদপ্রতিনিধিরূপো জ্ঞেয়ঃ। "সত্তাস্তি" সর্ব্বত্র দেশ ইত্যবাধিত প্রতীতি বলাদিতি। তথা সতি ভগবৎ স্বরূপানুবন্ধি সম্বন্ধস্য নিত্যত্বাদ্ধাম্নো নিত্যত্বং সুস্থমেব। "বিকারাবর্ত্তি চ তথাহিস্থিতিমাহ" ন্যায়েন কদাচিৎ প্রপঞ্চান্তর্গতত্বেঽপি তদ্ধাম্নোঽচিন্ত্য শক্ত্যা তদস্পৃষ্টত্বং সূচিতং কালাদিদোষেণান্যত্রান্তর্ধানঞ্চ নিরস্তমিতি।

যত্তু শ্রীবৃহৎভাগবতামৃতে গোপকুমারেণ দৃষ্টত্বেনানুক্তত্বাৎ প্রপঞ্চাতীতে গৌরধাম্নোঽভাব এব ইতি। তদ্ধেয়ং "নহ্যুপলব্ধ্যনুপলব্ধী মাত্রে বস্তুনো ভাবাভাবয়ো র্নির্ণয়ে কারণে। শ্রীগোস্বামিপাদানুমোদিত প্রমাণতত্ত্বেঽনুপলব্ধেঃ প্রমাণত্বাস্বীকারাৎ। অভব প্রত্যক্ষে বিশেষণতা সন্নিকর্ষাঙ্গীকরণাদিতি। লৌকিক প্রত্যক্ষে কুত্রচিদনুপলব্ধেঃ যোগ্যেতিনিবেশেনৈব সহকারিতামাত্রাচ্চ। অন্যথা "ইহ স্তম্ভে পিশাচো নে"ত্যত্র পিশাচাভাবপ্রত্যক্ষাপত্তেরিতি। অলৌকিকেতু যোগজাদি সন্নিকর্ষৈস্তৈর্থিকান্তরৈরভ্যুপেয়তে আর্ষবিজ্ঞানমিতি বা কৈশ্চিদিত্যলং তত্তন্মত প্রঘট্টনয়া প্রকৃতমনুসরামঃ বস্তুতশ্চাত্র প্রাকৃত লৌকিকালৌকিকাতীতত্বেন অপ্রাকৃত পরমালৌকিকত্বেন চ ভগবদীয়ত্বস্য পরমাচিন্ত্যপ্রভাবত্বাৎ প্রেমেতরকরণাগ্রাহ্যত্বাচ্চ প্রাকৃতবস্তুনির্ণয়কারণানি তত্র ভাবাভাবনির্ণয়ে প্রমাকরণত্বপদবী মধ্যারোঢু মসমর্থান্যেব।

"অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেন যোজয়েৎ ইত্যুক্তেঃ" ন সংদৃশেতিষ্ঠতিরূপমস্য "যমেবৈষ বৃনুতে তেনৈব লভ্য" ইতি শ্রুতেশ্চ। অতো ভগবদীয়ং তত্ত্বং খলু তদীয় স্বরূপানতিরিক্ত-শক্তি-বিশেষভক্তি-পরিপাক-প্রেমাত্মকেন করণেনানুভাব্যতে। তথা চ তত্তদ্বিশেষানুভবে তত্তদ্বিশেষ ভক্তিসাধনাদি সংস্কারলব্ধ তত্তৎ প্রেমবিশেষ এব কারণং। যাবত্তত্তদ্ভাবস্যানুভাবকত্বং তাবদেব তত্তদ্বিশেষলীলা পরিকরধামাদিবৈশিষ্ট্যানুভবাদিকং স্যান্নতু তদধিকম্। অতো "ভগবৎসন্দর্ভধৃত মধ্বমুনিবাক্যমপ্যত্র পরমমুপযুজ্যতে"

"উপাসনাভেদেন দর্শন ভেদ" ইতি। তদেবং সত্যুপাসনাবিশেষস্য ভগবদীয় বিশেষ দর্শন যোগ্যতা প্রয়োজকত্বে সিদ্ধে তদভাবাদ্ গোপকুমারেণ ন ব্যদর্শি শ্রীগৌরধাম। প্রত্যুত ভঙ্গ্যেব সাধু ব্যঞ্জিতং গৌরতত্ত্বরহস্যাভিজ্ঞপ্রবরৈঃ শ্রীমদ্‌গ্রন্থকৃদ্ভিঃ গৌরোপাসনাবিরহিতস্য গুরোর্লব্ধদশাক্ষরকৃষ্ণমন্ত্রসিদ্ধস্য প্রাপ্তগোলকস্যাপি তুর্ল্লভতমদর্শনং শ্রীগৌরধামেতি।

২৩। **বঙ্গানুবাদ** :—উত্তরপক্ষ বলিতেছেন—নিত্যলীলা বিঘটকতত্ত্বরূপে এখানে যে হেতুর উল্লেখ করিলে তাঁর ধামের অভাব তাহা কেবল পূর্ব্বপক্ষীয়ের শাস্ত্র অনবলোকনের ফলরূপ মহিমাকেই বিস্তার করিয়া থাকে কারণ শাস্ত্রে সেরূপ প্রমাণ বহু আছে। শাস্ত্রে যথা শ্রীচৈতন্যভাগবত মধ্যখণ্ডে দশমে—"পক্ষি মাত্র যদি বলে চৈতন্যের নাম, সেই সত্য যাইবেক চৈতন্যের ধাম।" এখানে চৈতন্যনাম গ্রহণ করিয়া চৈতন্যধামপ্রাপ্তি ফল পাওয়া যায়। নাম গ্রহণটী উপলক্ষণ শ্রবণকীর্ত্তনার্চ্চননামাদি ভক্তি সামান্যকে উপলক্ষিত করে। অতএব চৈতন্যের শ্রবণকীর্ত্তন তদর্চ্চনাদি শুদ্ধভক্তি সাধনকারিগণের সম্বন্ধে "যথা ক্রতু এই লোকে পুরুষ হইয়া থাকে সেইরূপই এখান হইতে গিয়া (মরিয়া) হইয়া থাকে" এরূপ শ্রুতি আছে। "যে যাহাকে যে ভাবে যে ভাবে উপাসনা করিয়া থাকে সে তাহাই হইয়া থাকে" এই শ্রুতিও আছে। শ্রীগীতায় "যাহারা যে ভাবে আমার শরণ নেয় তাহাদিগকে সেই প্রকারই আমি ভজনা করিয়া থাকি।" এই শ্রীভগবানের উক্তিও আছে—"সাধনে ভাবিবে যাহা সিদ্ধদেহে পাবে তাহা" এইরূপ প্রমাণিকের উক্তিও আছে। তাই শুদ্ধ গৌরভক্তগণের তাঁর ধামগতিই উচিত অন্য গতি উচিত নয়, ইহাই বলিতে হয়।

তাহা হইলে সেই গতির অন্যথানুপপত্তিই তাঁর ধামের পরম নিত্যত্ব অনুগমন করায়। শ্রীকৃষ্ণ-ধাম মাত্র প্রাপ্তিই তাদের গতি বলিতে পার না। শ্রুতি কথিত যথা তথা যাহা তাহা ইত্যাদির ব্যভিচার হয় এবং তাহাতে সাধন সাধ্যদ্বয়ের স্বরূপভঙ্গাপত্তিও হয়। আরও শোণ দৌড়াইতেছে বলিলে যেমন অরুণবর্ণ অশ্বাদি বোধ হয় সেরূপ এখানেও ধাম ও ধামস্থলীলাপরিকরাদি সহ চৈতন্য স্বরূপের প্রাপ্তিই বুঝিতে হইবে। এ সম্বন্ধে শ্রীচৈতন্যভাগবতোক্ত প্রমাণগুলি পূর্ব্বেই দেখান হইয়াছে। এরূপ হইলে শ্রীচৈতন্যনামকীর্ত্তনাত্মিকাভক্তির ফলরূপ বলায় চৈতন্যধামের পরম নিত্যত্ব স্বতই আসিয়া পড়ে। ইহার দ্বারা ব্রহ্মাণ্ডসমূহগত হেতু মহাপ্রলয়কাল পর্য্যন্ত স্থায়িত্বরূপ ভাক্ত নিত্যত্ববাদীও নিরস্ত হইলেন।

আর চৈতন্যধাম প্রপঞ্চকাল (মাত্র) স্থায়ী সত্তাবান্ এ কথা বলিতে সমর্থ হইবে না। তাহা হইলে ক্ষয়িষ্ণুত্বহেতু কীর্ত্তনাদি শুদ্ধভক্তি সাধনের ফলত্বের যোগ্য হইতে পারে না। যাগাদি জড়বৃত্তি সাধ্য স্বর্গাদি সামান্যাপত্তি হয়। যতদিন অধিকার পদ থাকিবে ততদিনই আধিকারিক দেবতার স্থিতি এই ন্যায়ে ব্রহ্মাদি আধিকারিক পদ তুল্যতা পতিত হয়। নির্ব্বিশেষ ব্রহ্মজ্ঞান সাধ্য ব্রহ্মসাযুজ্য হইতেও ইহার লঘুতা প্রাপ্তি হয়, শাস্ত্রে কোথাও এরূপ কথা কেহ শুনে নাই।

আরও চৈতন্যের ধাম এই ষষ্ঠীর দ্বারা যে সম্বন্ধ নির্দ্দেশ হইল তাহাও এখানে আধারাধেয় ভাব। তাহাও বিশিষ্ট বুদ্ধির হেতু বলিয়া এবং উভয়নিষ্ঠ বলিয়া চৈতন্যনিষ্ঠাধেয়তা সম্বন্ধবিশিষ্ট ধাম এই অর্থলাভ হেতুও লোকান্তরাদি কল্পনা অপাস্ত হয়। আরও "সেই ভগবান কোথায় প্রতিষ্ঠিত স্বীয় মহিমায় যেখানে মায়া নাই" এইরূপ শ্রুত্যাদি হইতে সূর্য্যে অন্ধকারের ন্যায় শ্রীভগবত্তত্ত্বে মায়িক সম্বন্ধের অত্যন্তাভাব হেতু এখানে নানা কিছু নাই এই ভেদাভাব হেতুও আধারাধেয় ভাবটীও এখানে স্বরূপশক্তির বিলাসরূপ বিশেষ ধর্ম্মাবলেই হয়। তাহাও ভেদাভাবেও ভেদ প্রতিনিধিরূপই বুঝিবে। সত্তা আছে, সর্ব্বত্র দেশ এই প্রকার অবাধিত প্রতীতি বলে তাহা (বিশেষ) সিদ্ধ হয়। তাহা হইলে ভগবৎ স্বরূপানুবন্ধি সম্বন্ধের নিত্যতা হেতু ধামের নিত্যতা সুস্থির হইল। বিকারাবর্ত্তি ও সেরূপই স্থিতিও বলেন এই ন্যায়েতে কদাচিৎ প্রপঞ্চান্তর্গত হইলেও তাঁর ধামের অচিন্ত্যশক্তি বলে তৎকর্ত্তৃক অস্পৃষ্টতাই সূচিত হইল কালাদি দোষে অন্যত্র অন্তর্ধান ও নিরস্ত হইল।

যাহারা কিন্তু শ্রীবৃহদ্ভাগবতামৃতে গোপকুমার দেখেছেন বলে কোন উক্তি নাই বলিয়া প্রপঞ্চাতীতে গৌরধামের অভাবই ইহা বলেন, তাহা হেয়। উপলব্ধি অনুপলব্ধি মাত্রেই বস্তুর ভাবাভাব নিরূপণে কারণ বিষয়ে বলা যায় শ্রীগোস্বামীপাদানুমোদিত প্রমাণতত্ত্বে অনুপলব্ধির প্রমাণতা অস্বীকারই করা হইয়াছে। অভাব প্রত্যক্ষে বিশেষণতা সন্নিকর্ষ অঙ্গীকার করায়ও লৌকিক প্রত্যক্ষে কোথাও অনুপলব্ধিতে যোগ্য কথা নিবেশ করিয়া সহকারিতা মাত্র স্বীকার করা হয়। অন্যথা "এই স্তম্ভে পিশাচ নাই" এখানে পিশাচাভাবের প্রত্যক্ষাপত্তি হয়। অলৌকিক স্থানে কিন্তু যোগজাগাদি সন্নিকর্ষে তৈর্থিকান্তর (অন্যমার্গী) স্বীকৃত বা আর্যবিজ্ঞান ইহাও কেহ কেহ বলেন এইসব মতান্তর উল্লেখের প্রয়োজন নাই। প্রকৃত অনুসরণ করি।

বস্তুত এখানে প্রাকৃত লৌকিকালৌকিকাতীত হেতু অপ্রাকৃত পরমালৌকিকত্বহেতু ও ভগবদীয় বিষয়ের পরম অচিন্ত্য প্রভাব হেতু প্রেমভিন্ন করণাগ্রাহ্য বলিয়াও প্রাকৃত বস্তু নির্ণয়ের কারণগুলি সেখানে ভাবাভাব নিরূপণে যুক্ত করিও না এই উক্তি হেতু "চক্ষের বিষয়ে তাহার রূপ স্থিত হয় না। যাহাকে তিনি বরণ করেন সেই তাঁহাকে লাভ করিতে পারে" ইত্যাদি শ্রুতি আছে। অতএব ভগবদীয় স্বরূপানতিরিক্ত শক্তি বিশেষ ভক্তি পরিপাক প্রেমাত্মক করণের দ্বারাই অনুভূত হয়। তাই বিশেষ বিশেষানুভাবে সেই সেই বিশেষ ভক্তি সাধনাদি সংস্কারলব্ধ তত্তৎ প্রেমবিশেষই কারণ। যতদূর পর্য্যন্ত সেই সেই ভাবের অনুভাবকতা ততদূরই সেই সেই বিশেষলীলা পরিকরধামাদি বিশিষ্টানুভবাদি হয় তার অধিক নয়। অতএব ভগবৎসন্দর্ভধৃত মধ্বমুনি বাক্যও এখানে পরম উপযোগী হয়, উপাসনাভেদে দর্শন ভেদ, সুতরাং এরূপ হইলে উপাসনা বিশেষই যদি ভগবদীয় বিশেষ দর্শনের যোগ্যতার প্রয়োজক হয় ইহা সিদ্ধ হইলে তার অভাব হেতুই গোপকুমার গৌরধাম

দেখেন নাই ইহাই ভঙ্গি করিয়া ব্যঞ্জনা করিলেন। গৌরতত্ত্বরহস্যাভিজ্ঞপ্রবর শ্রীলগ্রন্থকার "গৌরোপাসনা বিরহিত গুরু হইতে লব্ধদশাক্ষরকৃষ্ণমন্ত্রসিদ্ধ গোলকপ্রাপ্ত গোপকুমারেরও দুর্লভ দর্শন শ্রীগৌরধাম।" এই তত্ত্বই প্রকাশ করিলেন।

২৪। ননু যদি উপাসনাভেদাদ্ দর্শনভেদো নিয়মস্তর্হি দশাক্ষরশ্রীকৃষ্ণমন্ত্রোপাসকস্যানুপাসিত-তদন্যাংশাদ্যবতারমন্ত্রকস্য গোপকুমারস্য মৎস্যকূর্ম্মনৃসিংহাদের্নিত্যস্থানাদি দর্শনং জাতং কথম্ন জাতঃ গৌরধামাদিদর্শনমিতি পূর্ব্বপক্ষঃ।

২৪ **বঙ্গানুবাদ**ঃ—এখানে আশঙ্কা যদি উপাসনা ভেদ হেতু দর্শন ভেদ নিয়ম হয় তবে দশাক্ষর কৃষ্ণমন্ত্রোপাসকের অনুপাসিত অন্য-অংশবতারাদি-মন্ত্রক গোপকুমার কি করিয়া মৎস্যকুর্ম্মনৃসিংহাদির নিত্যস্থানাদি দর্শন করিলেন আর কেনই বা তার গৌরধাম দর্শন হইল না? এই পূর্ব্বপক্ষ।

২৫। উত্তরপক্ষঃ সমাদধতি। উপাসনাভেদাদ্ দর্শন ভেদো নিয়মশ্চাত্র বিশেষ দর্শনপর ইতি ক্রমঃ। যথা সবিশেষ ভগবদ্রূপতত্ত্বানুভবে জাতে সামান্যতশ্চিন্মাত্র ব্রহ্মানুভবস্তদন্তর্ভূত এব ভবতি। তদ্বদংশিনি ভগবৎস্বরূপেঽনুভূতে সাধকস্যেচ্ছানুসারেণ সামান্যতস্তদংশাদি স্বরূপানুভবোঽপি তদনুভবান্তর্ভূতো ভবতি। তথেহ সর্ব্বভগবৎস্বরূপাংশিনামমন্ত্রোপাসকস্য গোপকুমারস্য বাসনানুসারেণ সামান্যতস্তত্তদংশাদ্যবতারাণাং তত্তদনুভবো জাতোঽভূদিতি। তথাপি যত্র যত্র তস্য বিশেষদর্শনাদি বিশেষবাসনা জাতা তত্র তত্র তু তং তং স্বরূপস্য নামগুণাদিকীর্ত্তন স্মরণাদিরূপ কিঞ্চিদ্বিশেষসাধনা দৃশ্যতে। তত্রৈব গ্রন্থে বৈকুণ্ঠস্থাযোধ্যাং দিদৃক্ষোস্তস্য শ্রীসীতাপতি প্রভৃতি নামকীর্ত্তনবিশেষাত্মিকা। তদ্গ্রন্থটীকায়াং শ্রীমদগোস্বামিচরণৈস্তথৈব সিদ্ধান্তিতেতি। অতশ্চাত্র শ্রীগৌরধামাদ্যদর্শনন্তু তস্য তদনুবুভূষাভাবেন তদীয় নামকীর্ত্তনাদিবিশেষ সাধনাভাবাদেবাবধাতব্যম্। ন চ মৎস্যকূর্ম্মাদি লোকদর্শনবত্তল্লোকদর্শনং সামান্যতোঽপি কথং না ভূদিতিবাচ্যম্। মৎস্যকূর্ম্মাদীনাং কৃষ্ণস্যাংশরূপত্বাত্তেষাং ধামাদীনামপি তদ্ধামাদ্যংশরূপত্বম্। অতঃ ক্রমগোলকপ্রাপ্তৌ গোপকুমারস্য তদবরধামাদি দর্শনসম্ভবাং ন তু গৌরধামাদেস্তদনবরত্বাদপি তু তদ্বিশেষবত্ত্বাদিতি। "রসবিশেষবিশিষ্ট পরিকরবৈশিষ্ট্যেনাবির্ভাব বৈশিষ্ট্যং দৃশ্যতে অতএবাদিরসবিশেষবিশিষ্ট সম্বন্ধেন নিতরামিতি" শ্রীজীবোপাদোক্ত দিশা চ শৃঙ্গাররসমহাভাবয়োরৈক্যরূপত্বেন শ্রীগৌরস্য শ্রীকৃষ্ণাবির্ভাববিশেষত্বাৎ তদ্ধাম্নোঽপি তদ্বদ্বিশেষবত্ত্বমবশ্যমেবাভ্যুপেতব্যমতস্তদ্বিশেষোপাসনামন্তরেণ তদ্দর্শনং গোপকুমারস্য নজাতমিত্যনবদ্যমেব।

২৫। **বঙ্গানুবাদ :—**উত্তরপক্ষ সমাধান করিতেছেন উপাসনা ভেদে দর্শন ভেদের নিয়মটী বিশেষ
দর্শনপরই বলিব। যেমন—সবিশেষ ভগবৎরূপ ও তত্ত্বানুভব হইলে সামান্যতঃ চিন্মাত্র ব্রহ্মানুভবটী
তারই অন্তর্ভূত হয় সেইরূপ অংশি ভগবৎ স্বরূপের অনুভব হইলে সাধকের ইচ্ছানুসারে সামান্যতঃ
তদংশাদি স্বরূপানুভবও তার অন্তর্ভূত থাকে। তাই এখানে সর্ব্ব ভগবৎ স্বরূপাংশির নাম মন্ত্র
উপাসক গোপকুমারের বাসনানুসারে সামান্যতঃ তদংশাদি অবতারের অনুভব হইয়াছিল। তথাপি
যেখানে যেখানে বিশেষ দর্শনাদির বিশেষ বাসনা জাত হইয়াছিল সেখানে সেখানে
কিন্তু সেই স্বরূপের নামগুণাদি কীর্ত্তনস্মরণাদিরূপ কিছু বিশেষ সাধনও তিনি
করিয়াছিলেন দেখা যায়। সেই গ্রন্থেই বৈকুণ্ঠস্থ অযোধ্যা দেখিতে ইচ্ছা করিয়া সীতাপতি প্রভৃতি
নামকীর্ত্তন করিয়াছিলেন। টীকায়ও শ্রীলগোস্বামিচরণ সেরূপই সিদ্ধান্ত করিয়াছেন। সুতরাং এখানে
গৌরধামাদির অদর্শন তাঁহার তাদৃশ অনুভবের ইচ্ছার অভাব হেতু সেরূপ নামসাধনাদি না করাই ইহাই
অনুধাবন করা কর্ত্তব্য। মৎস্যকূর্ম্মাদির লোকদর্শনের ন্যায় তাঁর লোকদর্শন সামান্যতই কেন হইল না
তাহা বলিতে পার না। মৎস্যাদি কৃষ্ণের অংশাবতার কাজেই তাঁদের ধামাদি ও তদ্ধামের অংশাদিরূপ।
অতএব ক্রমশঃ গোলকপ্রাপ্তিতে গোপকুমারের তাহা হইতে অবর ধামাদির দর্শন সম্ভবই, কিন্তু
গৌরধামাদির নহে। তাহা তাহা হইতে অবর ধাম নয় বলিয়াই। "রসবিশেষবিশিষ্ট পরিকরবৈশিষ্ট্যের
দ্বারাই আবির্ভাব বৈশিষ্ট্য অনুভূত হইতে দেখা যায় তাই আদিরস বিশেষ বিশিষ্ট সম্বন্ধে সুতরাং"
এই শ্রীজীবপাদ উক্ত দিশায় ও শৃঙ্গার রস মহাভাবদ্বয়ের ঐক্যরূপ হেতু শ্রীগৌর শ্রীকৃষ্ণের আবির্ভাব
বিশেষ বলিয়াই তাঁর ধামের বিশেষত্ব অবশ্যই স্বীকরণীয় তাই তাঁর বিশেষ উপাসনা ব্যতীত তাঁহার
দর্শন গোপকুমারের হয় নাই ইহা নির্দ্দোষই।

সমাপ্ত

ভ্রম সংশোধন :—

২য় পৃষ্ঠায় ১৬ লাইনে কতিপয় পাতায় সাধ্যদ্বেষদাষাপত্তিরিতি স্থলে সাধ্যদ্বয়দোষাপত্তিরিতি হইবে।
৫ পৃঃ ১ম লাইন শ্রীচৈতন্যে স্থলে শ্রীচৈতন্য, ৭ম লাইনে তাহার স্থলে তাঁহার, ১০ম লাইনে ন কুল স্থলে
নকুল, ২৯ লাইনে বহুত্বমনু স্থলে বহুত্বমণু, ৭ম পৃঃ ৭ম লাইনে সিদ্ধ স্থলে সিদ্ধি, ৯ম পৃঃ ১৭ লাইনে পর্য্যান্তেব
স্থলে পর্য্যন্তৈব, ১৩ পৃঃ ১৫ লাইনে শ্রীচেতন্য স্থলে শ্রীচৈতন্য, ১৬ লাইনে সুতিনশ্চিতম্ স্থলে সুনিশ্চিতম্, ৩০
লাইনে তার স্থলে তাঁর, ১৪ পৃঃ ৫ম লাইনে অপরিনামত্ব স্থলে অপরিণামিত্ব, ১৮ লাইনে নিতাতা স্থলে
নিত্যতা, ৩০ লাইনে তাহার স্থলে তাঁহার, ১৫ পৃঃ ২য় লাইনে তার স্থলে তাঁর, ১৭ পৃঃ ১২ লাইনে
দুর্ঘটেব স্থলে দুর্ঘটৈব, ১৯ পৃঃ ১৯ লাইনে বৃত্তি সে স্থলে বৃত্তি যে ২১ পৃঃ ২২ লাইনে শ্বেণো স্থলে শোণো
২৪ পৃঃ ৬ লাইনে ধর্ম্মাবলেই স্থলে ধর্ম্মবলেই, ২৫ লাইনে করায়ও স্থলে করা হয়, ২৬ লাইনে বিশেষানুভাবে
স্থলে বিশেষানুভবে হইবে।